পূর্ব্বাচার্য প্রসিদ্ধ রীত্যনুসারে গ্রন্থের মঙ্গলকামনায় মঙ্গলাচরণ সঙ্গত। যে প্রকৃতি শক্তিরূপে বিশ্বলোকের ধারণ রক্ষণ পালন করেন,—যাঁহার পূজাই জীবের শ্রেষ্ঠ ধর্ম,—এই ভৈষজ্যতন্ত্রানুগত গ্রন্থের মঙ্গলাচরণে সেই শক্তির শরণই বিহিত। এতদ্বিধিমর্য্যাদাপালনজন্য প্রথমেই স্মরণ করা যাইতেছে,—যে একা শক্তি ত্রিগুণরহিত আদি সত্য ব্রহ্মে সঙ্গতা হইয়া, স্বেচ্ছাবশে জগতের সৃষ্টি স্থিতি লয় করিয়া থাকেন, যিনি জীবে কান্তি ক্ষান্তি, ক্ষুধা, ইচ্ছা, ধৃতি, মতি, করুণা, বুদ্ধি, স্মৃতি, প্রীতি,—এই সকল-রূপে বিরাজিতা, সেই বিশ্বজননী বিশ্বধাত্রী বিশ্বসংহারিণী, একমাত্র ক্রিয়াবতী দেবী মঙ্গলময়ী শক্তিকে ধ্যানযোগে হৃদয়াসনে ধরিয়া, এই রোগতত্ত্ববিকাশপর তৎপ্রশমনাত্মক গ্রন্থের সূচনায় প্রথমেই তাঁহার বন্দনা করিতেছি। ১

অতঃপর আয়ুর্ব্বেদবক্তা ঋষিগণের—ব্রহ্মা, দক্ষ, অশ্বিনীকুমারদ্বয়, ইন্দ্র, ভরদ্বাজ, আত্রেয়, ধন্বন্তরি, সুশ্রুত, চরক—ইহাঁদিগের উদ্দেশে প্রণাম করিতেছি। ইহাও গ্রন্থের মঙ্গলবিধানার্থক অপর মঙ্গলাচরণ। ২

বৃদ্ধ বৈদ্যদিগের রোগপ্রশমক আচরণে লক্ষ্য রাখিয়া, রোগের দোষ-বলাবলবিচারপূর্ব্বক যথাদোষ প্রয়োজ্য ঔষধাদির সিদ্ধযোগ—তৎসংক্রান্ত প্রক্রিয়া প্রকরণাদির সমন্বয়ে গ্রন্থকার—এই ভিষক্-সর্ব্বস্বনামক গ্রন্থের প্রণয়নে প্রবৃত্ত হইয়াছেন।

আয়ুর্বেদে জ্ঞানলাভ করিতে হইলে, প্রথমে আয়ুঃ কি,—তাহা জানা আবশ্যক; তজ্জন্য অগ্রে আয়ুর্লক্ষণ নির্দেশ করা যাইতেছে।—শরীর, আত্মা, ইন্দ্রিয় ও মনের সংযোগই জীবিত বা আয়ুঃ। বাত পিত্ত কফ—এই তিনটী ধাতুই তাহার ধারক। ৪

অতঃপর শরীরের অনুক্ষণই ক্ষয়বৃদ্ধি হইয়া থাকে; ইহাই পাশ্চাত্য ভাষায় (Metabolism);—এই লোকে সর্বদা যাহা শীর্ণ হইয়া থাকে, তাহার নিরুক্তিসিদ্ধনাম (শৃ+কীর) শরীর। ইহাতেই প্রাতীচ্য (Katabolism) উদ্ভাসমান। আবার এই শরীরের অপর একটী নাম দেহ; ইহার নিরুক্তি-সিদ্ধ অর্থ—যাহা প্রতিদিন বৃদ্ধি পায়; ইহাই পাশ্চাত্য শরীর-বিজ্ঞানে (Anabolism); কায়ের এই দুইটী সংজ্ঞাদ্বারাই তাহার যে নিরন্তরই ক্ষয়বৃদ্ধি হয়, তাহার সুস্পষ্ট উপলব্ধি হয়। ৫। যেমন সুখাবহরম্য হর্ম্য স্থূণা-(থাম) সমূহদ্বারা ধৃত হয়, সেইরূপ আমাদিগের শরীর বাত পিত্ত কফ—এই তিনটী দোষ দ্বারা ধৃত হইয়া থাকে; এতজ্জন্য শরীরকে ত্রিস্থূণ বলে। শরীর ত্রিস্থূণ দেহ—এই তিনটীই একার্থক পর্যায় শব্দ। ৬

প্রাচীন শাস্ত্রকারগণ বলিয়াছেন,—আকাশ নিত্য সত্য অশরীরী; সুতরাং আকাশে শুদ্ধ সত্ব বর্তমান। রজোগুণোদ্রেকে তাহার কম্পন হইলে, বায়ুর উৎপত্তি হয়;—এতজ্জন্য রজঃ হইতেই বায়ুর উৎপত্তি। সেই উদ্রিক্ত রজোধর্মের ক্রমবৃদ্ধিবশে বাতবেগে কম্পনের বেগবৃদ্ধিতে সত্যপ্রকাশন হইতে তেজের উৎপত্তি হয়;—সত্বোদ্ভাসক রজোগুণের বৃদ্ধি হইতে তেজের উদ্ভব। রজোগুণের ক্রমবর্ধনে যে বেগের জন্ম হইয়াছে, তাহার বিরাম অবশ্যম্ভাবী; কারণ যাহার আবির্ভাব আছে, তাহার তিরোভাব নিশ্চিত আছে;—এই সন্নীতির বশে বেগের বিরাম হইলে, স্বতই তমঃ আবির্ভাব হইবে। তমোগুণে গুরুত্ব হয়; তাহার ক্রমবৃদ্ধিতে জল ও ক্ষিতির উৎপত্তি হইয়া থাকে। ৭.৮.৯

সত্ত্বের রজঃসঙ্গম হইতে বায়ুর উৎপত্তি হওয়ায়—বায়ুর রজঃসক্ত সত্ত্বের সহিত সমগুণ সম্বন্ধ।—এই বায়ুই জ্ঞানবিধাতা,—স্বয়ং ক্রিয়ৈশ্বর্য-শালী সর্ব্বজ্ঞ ভগবান্। ১০

যাহা দ্বারা সত্ত্ব রঞ্জিত হয়, তাহার নাম রজঃ—তাহাই মহৎ রাগ-দ্বেষাত্মক এবং দুঃখের জনক।—ইহাই রজঃপ্রকৃতির লক্ষণ। ১১। কাম, ক্রোধ, লোভ, মান, দর্প—ইহারা রজোগুণাবলম্বী। আর তজ্জন্যই দুঃখ-বিধান রজোগুণের ধর্ম। ১২। পরে রজঃ সত্ত্বে মিলিত হইয়াও, সত্ত্ববিকাশ-পর রজঃসহ পিত্ত সমগুণ; শরীরে পিত্ত সত্ত্বের উদ্ভাসন করিলেও, রজোগুণের ভজনা করে; তাহাতে স্বধর্মানুসারে উষ্ণত্ব ও তীক্ষ্ণত্ব বিধান করিয়া থাকে। ১৩। যাহাতে সত্ত্ব আবৃত ও জড়ভাবাপন্ন হয়, তাহাকে তমোগুণ কহে। নিষ্ক্রিয়ত্ব জড়ত্ব অবোধত্ব ইহার ধর্ম। ১৪। শ্লেষ্মা তমোগুণের সমগুণ। ইহা শরীরের অন্যান্য ধাতুগণের আলিঙ্গন করিয়া, স্থৈর্য বিধান করিয়া থাকে। ১৫

বায়ু শ্লেষ্মার বিপরীতধর্মা,—শ্লেষ্মা বায়ুর বিপরীতধর্মা; বায়ু গুণতঃ বা ধর্মতঃ—রুক্ষ, সূক্ষ্ম, লঘু, শীতল, চঞ্চল ও খর। ১৬। পিত্ত সস্নেহ, অম্ল, উষ্ণ, তীক্ষ্ণ, দ্রব, সর (যাহা গড়াইয়া যায়), কটু;—ইহাই পিত্তের স্বরূপ। শ্লেষ্মা পিচ্ছিল, শীতস্পর্শ, স্নিগ্ধ, স্বাদু, স্থির, মৃদু, গুরু,—ইহাই শ্লেষ্মার স্বরূপ। ১৭।

দেশ কাল ঋতু প্রহর এবং গ্রহগণের দৃষ্টি—এই সকলের ধর্মসাম্যানু-সারে স্বভাবতঃ জীবদেহে বায়ু পিত্ত কফের সঞ্চয় প্রকোপ প্রশম হইয়া থাকে। ১৮। পার্বত্য, জাঙ্গল, আনূপ, দেশ যথাক্রমে বায়ু পিত্ত কফের সমধর্মা। ইহাদের ধর্মসাম্যহেতুক সমগুণ দোষের সঞ্চয়াদির হেতুত্ব জীবশরীরে সর্বদা সর্বথাই পরিদৃষ্ট হয়। পার্বত্যদেশে বাতবৃদ্ধি, জাঙ্গলদেশে পিত্তবৃদ্ধি ও আনূপদেশে কফবৃদ্ধি স্বাভাবিক। আনূপদেশে অবস্থানজন্য কফবৃদ্ধি হইলে, পার্বত্যদেশে যাইলে, বাত বৃদ্ধির অনুকূলতা

ঘটায়, কফশোষ হওয়ায়, কফবৃদ্ধি জন্য রোগের প্রশমন স্বতই হইয়া থাকে। ১৯

শিশির হইতে আরম্ভ করিয়া, গ্রীষ্মান্ত পর্যন্ত উত্তরায়ণ—আদান কাল; মাকরক্রান্তিপাতের দিন হইতে (পূর্ব্বে যাহা মাকরী সংক্রান্তিতে সংক্রমিত হইত)—অধুনা ১০ই পৌষ হইতে ৯ই আষাঢ় পর্যন্ত সূর্য্যের তেজোবৃদ্ধির সহিত রসশোষণ—সূর্য্যকর্তৃক রসের আদান বা গ্রহণ ঘটায়, আদান নামের সার্থক্য। অবশিষ্ট ঋতুত্রয় দক্ষিণায়ন বা বিসর্গ। রসের বিসর্জন বা ত্যাগ ঘটে বলিয়া, বিসর্গনামের সার্থকতা।

শীতপ্রধান শিশির ঋতুতে শৈত্যবৃদ্ধি ঘটায়, বায়ু বৃদ্ধি পায়; আবার কফের শৈত্যগুণ থাকায়, তাহার সঞ্চয়ে ঐ বায়ু অবরুদ্ধ হইয়া, ক্রুরভাবাপন্ন হয়। বর্ষায় বায়ু প্রকুপিত হইয়া, শরৎকালে প্রশমিত হয়; গ্রীষ্মে সৌরতাপে রসশোষ ঘটায়, রুক্ষত্ব বৃদ্ধি পাওয়ায়, তাহার সমধর্ম্মা বায়ু বৃদ্ধি পায়; কিন্তু উষ্ণত্ব ধর্ম্মসাম্যে পিত্তসঞ্চয় অবশ্যম্ভাবী। পরে বর্ষাকালে মেঘসঞ্চয় হইলে, তাপাবরোধ ঘটায়, সঞ্চিত পিত্ত বৃদ্ধ ও অবসন্ন এবং বায়ু প্রকুপিত হয়। শরৎকালে সূর্য্য স্বগৃহে বলী হওয়ায়, তাহার তাপবৃদ্ধিজন্য, পিত্ত প্রকুপিত হয়। হেমন্তে কফবৃদ্ধি ঘটায়, পিত্ত স্বভাবতঃ প্রশান্ত হইয়া থাকে। হেমন্তে নিসর্গের রস-বিসর্গ-ধর্ম্ম-হেতুক শিশির-সঞ্চারে কফ-সঞ্চয় হয়। আদান-কাল-ধর্ম্মে সূর্য্যতেজ বৃদ্ধি পায়; বসন্তে দীপ্ত পিত্ত দ্বারা কফ বিসৃপ্ত হওয়ায়, প্রকুপিত হয়। গ্রীষ্মকালে পুনর্ব্বার প্রশান্ত হইয়া থাকে।

দোষানুসারে ঋতু-সংস্থান।				ঋত্বনুসারে দোষ-ভাব।					
	বাত	পিত্ত	কফ	শিশির,	বসন্ত,	গ্রীষ্ম,	বর্ষা,	শরৎ,	হেমন্ত,
চয়	শিশিরে	গ্রীষ্মে	হেমন্তে	বায়ু	০	পিত্ত	০	০	শ্লেষ্মা
প্রকোপ	বর্ষায়	শরতে	বসন্তে	০	কফ	০	বায়ু	পিত্ত	০
প্রশম	শরতে	হেমন্তে	গ্রীষ্মে	০	০	কফ	০	বাত	পিত্ত

দোষত্রয়ের চয় প্রকোপ প্রশম বিধি কথিত হইল। ২১—২৫

সংবৎসরের ভাবসমূহ দিনে ও রাত্রিতে বর্তমান। দিনমান—আদান—উত্তরায়ণের সমধর্মা। রাত্রি—বিসর্গ—দক্ষিণায়নের সমগুণ। প্রাতঃকালে শ্লেষ্মা, মধ্যাহ্নে পিত্ত, অপরাহ্ণে কফ, স্বভাবতঃ বর্ধিত হয়। রাত্রিতে আবার প্রথম যামে শ্লেষ্মা, দ্বিতীয় যামে পিত্ত এবং শেষ যামে বায়ু বর্ধিত হয়। ২৬।২৭।

অনন্তকালবক্ষে চন্দ্র সূর্যের উদয় অস্ত হইতে যেমন দিবারাত্রির প্রকল্পনা হইয়া থাকে, আবার তেমনই চন্দ্রসূর্যের ভাবভেদহেতুক দোষ-দূষ্যসমূহের সঞ্চয় প্রকোপ প্রশমন হইয়া থাকে। আমরা দেখিতে পাই—অমাবস্যায় বা পূর্ণিমায় শরীরে রসবৃদ্ধি ঘটায়, গুরুত্বাদিজন্য, কথঞ্চিৎ জড়ত্ববোধ হয়; ইহার কারণ দেহে চন্দ্রের বা সূর্যের শক্তি পরিচালন। তিথিভেদে শরীরের যে ভাববিপর্যয় হয়, তাহাও চন্দ্রমার সৌরসংস্থানে ভাবভেদে অবস্থানজন্য। চন্দ্রের কৃষ্ণকলার ও শুক্লকলার হ্রাসবৃদ্ধি অনুসারে তিথির কল্পনা। সর্বদাই কলাদ্বারা চন্দ্রের হ্রাসবৃদ্ধি হয়; যাহাতে সেই হ্রাস-বৃদ্ধি হয়, তাহার নিরুক্তি-সিদ্ধ নাম তিথি। যে রাশিতে বা রাশির যে অংশে সূর্য্যের লম্বনপাত হয়, তাহাতে চন্দ্র প্রবেশ করিলে, তাহা অমা-তিথি—তাহাতে চন্দ্রে শুক্লকলার পূর্ণ ক্ষয় ও কৃষ্ণকলার পূর্ণাধান হইয়া থাকে। পরে সেই সূর্য্যলম্ববিদ্ধ স্থান হইতে অপসারণের সঙ্গে সঙ্গে শুক্লকলাবৃদ্ধি ও কৃষ্ণকলা হ্রাস ক্রমোত্তরে হইতে থাকে। অমাবস্যা হইতে পৌর্ণমাসী পর্যন্ত যে কলা,—অপরতঃ—পূর্ণিমা হইতে অমাবস্যা পর্যন্ত যে কলা,—এই পঞ্চদশ পঞ্চদশবার হ্রাসবৃদ্ধির নাম তিথি। প্রতিপৎ দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী,—এই পাঁচটী কর্ষণী তিথি—এই সময়ে স্বভাবতঃ দেহের রসকর্ষণ হয়। তাহার পর ষষ্ঠী, সপ্তমী, অষ্টমী, নবমী, দশমী, এই পাঁচটী শোষণী তিথি—এই সময়ে শরীরের স্বতই রসশোষণ হয়। একাদশী, দ্বাদশী, ত্রয়োদশী, চতুর্দ্দশী পূর্ণিমা বা অমাবস্যা—এই পাঁচটী পোষণী তিথি—ইহাতে দেহে স্বতই রসের পোষণ হইয়া থাকে।

ভেদ—	তিথি—	ক্রিয়া—
কর্ষণী—	প্রতিপৎ, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী—	সংশমনী,
শোষণী—	ষষ্ঠী, সপ্তমী, অষ্টমী, নবমী, দশমী,—	রসায়নী,
পোষণী—	একাদশী, দ্বাদশী, ত্রয়োদশী, চতুর্দ্দশী, অমাবস্যা বা পূর্ণিমা—	হরণী।

এই বিধান মত কর্ম্ম প্রশস্ত। ২৮—৩৩।

সূর্য সত্ত্বরজোদাতা (বাতপিত্তকর), চন্দ্র রজস্তমস্কর (পিত্তশ্লেষ্মকর), মঙ্গল রজোধর্ম্মা (পিত্তকর), বুধ সমত্রিগুণ (বাতপিত্তকফের সাম্যবিধায়ক), গুরু সত্ত্ববিধাতা (বাতকর), শুক্র—সত্ত্বতমস্কর (বাতশ্লেষ্মকর), শনি—তমস্কর (শ্লেষ্মকর) আর যদি কখনও সত্ত্বের (বায়ুর) বিধান করেন, তাহাও তমোবদ্ধ (কফরুদ্ধ) ক্রূরভাবাপন্ন হয়। ৩৫।৩৬

নরজীবনে চন্দ্র প্রথম ৪ বৎসর, বুধ ১০ বৎসর, শুক্র ৮ বৎসর, রবি ১৯ বৎসর, মঙ্গল ১৫ বৎসর, বৃহস্পতি ১২ বৎসর, মঙ্গল পুনর্ব্বার ৪বৎসর, শনি ২৮ বৎসর—সমষ্টি ১০০ বৎসর। ৩৭।৩৮

বাল্যে চন্দ্রাধিকারে শীত ঋতুর ভাবাপত্তিহেতুক কফ সঞ্চয় হয়; কৈশোরে প্রথমাধিকারে বুধের সময়ে দোষ-সাম্য ও শেষাধিকারে শুক্রের সময়ে বসন্তের ভাবসম্পাতে কফপ্রকোপ সম্ভবপর। যৌবনে সূর্যমঙ্গলের অধিকারে গ্রীষ্ম ঋতুর ভাবসঙ্গতিজন্য বাতসঞ্চয় পিত্তসন্ধুক্ষণ ও কফপ্রশমন সম্ভবপর। যৌবনপরিণতি কালে প্রৌঢ়ে বৃহস্পতির অধিকারে—বর্ষাভাব-প্রভাবে পিত্তসঞ্চয় ও বাতপ্রকোপ হয়। বার্দ্ধক্যে শনির অধিকারে—হেমন্ত ঋতুর ভাবপ্রবৃত্তিজন্য, কফসঞ্চয় শৈত্যযোগহেতুক বায়ুর ক্রূরত্ব ঘটিয়া থাকে। ইহাই বয়োভেদে ঋতুভাবসম্পত্তিহেতুক দোষপ্রবর্তনা। *

---

* বাল্যে ৪ বৎসর কফ সঞ্চয় হওয়ায়, শরীরের ক্রমবৃদ্ধি হয়। পরে ১০ বৎসর বুধের সময়ে দোষসাম্যহেতুক—কফের বিপরিণামে সর্ব ধাতুর সাম্যসাধন স্বাভাবিক। ১৫ বৎসরের পর কফ-প্রকোপ সম্ভবপর। যৌবনে ২৩ বৎসর পরে বাতসঞ্চয় পিত্তের উদ্দীপন ও কফ প্রশমন; প্রৌঢ়ে ৫৭ বৎসর পরে পিত্তসঞ্চয় বাতপ্রকোপ, বার্ধক্যে ৭৩ বৎসর পরে ক্রূরবায়ুর আবির্ভাব স্বাভাবিক। বয়ঃসঙ্গত দোষদুষ্ট ব্যাধি প্রাকৃত, তাহার অন্যথায় বৈকৃত ব্যাধি।

গ্রহাধিকৃতবর্ষ,		বয়ঃকাল,	ধাতুপ্রভাব।
চন্দ্র	৪	বাল্য	কফসঞ্চয়।
বুধ	১০	কৈশোর	দোষ-সাম্য, বরং কফপ্রকোপ।
শুক্র	৮		
রবি	১৯	যৌবন	বাতসঞ্চয়, পিত্তসঙ্ক্ষুক্ষণ, কফপ্রশমন।
মঙ্গল	১৫		
বৃহস্পতি	১২	প্রৌঢ়	পিত্তসঞ্চয় ও বাতপ্রকোপ।
মঙ্গল	৪		
শনি	২৮	বার্ধক্য	বায়ুপ্রকোপ (ক্রূর-বায়ুর আবির্ভাব)

চন্দ্র সূর্য এবং অন্যান্য গ্রহসমূহও বীর্য-ভাব-বল দ্বারা স্বশক্তিপ্রসারে অনুক্ষণ পৃথিবী নিরীক্ষণ করিতেছে। তাহাদিগের ভাবভেদে নিত্যই বাত পিত্ত কফ—এই দোষত্রয়ের চয়—প্রকোপ প্রশম হইয়া থাকে ১৩৪।

মানব-দেহের মস্তকে নাভিদেশে সূর্য, ললাটে ও বক্ষে চন্দ্রমা, লোচন-দ্বয়ে ও উদরে মঙ্গল, হৃদয়ে নাসিকাতে ও হস্তদ্বয়ে বুধ, নিতম্বের সম্মুখভাগে, কটিদেশ ও কর্ণে বৃহস্পতি; জিহ্বা গুহ্যে ও মুষ্কযুগ্মে শুক্র, জানু, উরুদেশে ও দন্তে শনি অবস্থান করেন;—ইহাই শরীরস্থ গ্রহাধিষ্ঠান।

পূর্বে কথিত হইয়াছে, সূর্য সত্ত্বরজোদাতা, সুতরাং বাতপিত্তকর, এই শ্লোকে সূর্যের স্থান মস্তকে ও নাভিদেশে;—মস্তকে বায়ুবাহিনী নাড়ী-সমূহ—স্নায়ু—ব্যাপ্ত থাকায়, তথায় বাতাধিষ্ঠান; অপরতঃ বায়ুর শৈত্য-বিষয়ে সমধর্মত্ব আছে বলিয়া, মস্তকে যে তর্পক শ্লেষ্মা আছে, তাহাতে সকল দেহের শ্লেষ্মপোষণ—স্নেহন—হয়। সূর্যের তাপবিধানহেতুক পিত্তবর্ধকত্ব গুণ থাকায়—কদাপি তীব্র শিরঃস্বেদ উপযোগী নহে।—নাভি ধমনীর মূল, রক্ত পিত্তধর্মা, তাহার বাহন সহায় বায়ু; সুতরাং বাতপিত্তকর সূর্যের নাভিতে অবস্থান তাঁহার স্বভাবকর্ম-সঙ্গত। সেইরূপ ললাটে বক্ষোদেশে চন্দ্রমা;—চন্দ্র পিত্তশ্লেষ্মকর বলিয়া, ঐ স্থানে শ্লেষ্মাধিষ্ঠান যেমন, তেমনই

পিত্তাধিষ্ঠান। চক্ষু ও উদরে মঙ্গল ;—মঙ্গল পিত্তকর বলিয়া, লোচনে যেমন তেজের বিকাশ, উদরে তেমনই পাচকাগ্নিরূপে পিত্তাবস্থান। নাসা হৃদয় ও হস্তদ্বয়ে বুধের অধিকার,—এই সকল অঙ্গে বাত-পিত্ত কফ ত্রিধাতুরই সাম্য থাকায়, কর্ম্মসাধনের স্বতঃপ্রবোধন হয়। শ্রবণে কটিতে ও জঘনে বৃহস্পতির অধিষ্ঠান থাকায়—দেহে বায়ুর সর্বকর্তৃত্ব আছে বলিয়া, সর্বদোষতুষ্টি হইতে পারে। জিহ্বায় গুহ্যে মুষ্কযুগ্মে—শুক্রের অধিষ্ঠান—তৎতৎস্থানে বায়ুর ও শ্লেষ্মার ক্রিয়ানুসারে কর্ম ও বিকারবশে তৎপ্রকুপিতলক্ষণাক্রান্ত ব্যাধি সম্ভাব্য। দন্ত জানু উরুদেশে শনির অধিকার থাকায়, তৎতৎস্থানে শ্লৈষ্মিকসংস্থানহেতু ও তৎপ্রকোপজন্য ব্যাধির সম্ভাবনা হইতে পারে। ৪১। ৪২।

পূর্বকথিত শারীরগ্রহসংস্থানে দেখা যাইতেছে,—উত্তমাঙ্গে যেরূপ সূর্য-চন্দ্রাদি গ্রহগণের সংস্থান আছে, অধমাঙ্গে সেইরূপ গ্রহগণ অবস্থান করিয়া থাকেন। এতজ্জন্য,জত্রূর্ধ্বদেশে অধমাঙ্গের যন্ত্রাদির সকলেরই পরিচালক অঙ্গ সূক্ষ্মভাবে বিদ্যমান আছে ;—ইহার পরিচয় শারীরাধিকারে উপলভ্য। ৪৩

চন্দ্রমা স্বেচ্ছায় পৃথিবীতে ওষধিপ্রসবের জন্য যে, সোমরস বিকীর্ণ করেন, সূর্য স্বতেজে সেই রসগ্রহণ করিয়া, বিশ্বপ্রসব করেন। ইহাতে বিশ্বও অগ্নিষোমীয়।৪৪। এই মানবদেহ অগ্নিধর্ম্মা পিত্তপ্রধান আর্ত্তব ও সোমধর্ম্মা শ্লেষ্মপ্রধান শুক্র—ইহাদের যোগে উৎপন্ন বলিয়া, ইহা অগ্নিষোমীয় সংজ্ঞায় আখ্যাত। তবে এই রজস্তমোময় দেহ—আর্ত্তব শুক্রের যোগ হইলেই হয় না—বায়ুর সত্ত্বগুণে সংহত না হইলে, জীবের উৎপত্তি অসম্ভব। তাই স্বয়ম্ভূরূপী বায়ু দ্বারা দেহের সৃষ্টি হয়। অগ্নি হইতে তেজের উৎপত্তি, সোম হইতে রসের উদ্ভব, সত্ত্ব পরিচালনে উভয়ের ক্রমপরিণতিতে শরীরের সপ্তবিধ স্থূল দূষ্য ধাতু জন্মে।৪৫।৪৬

রস হইতে রক্ত, রক্ত হইতে মাংস, মাংস হইতে মেদঃ, মেদঃ হইতে অস্থি, অস্থি হইতে মজ্জা, মজ্জা হইতে শুক্র—এইরূপে সপ্তধাতূৎপত্তি হয়।৪৭

রসাদি দূষ্য ধাতুগুলিকে দূষিত করে বলিয়া, বাত পিত্ত কফ—এই তিনটীকে দোষ ধাতু বলে। আর তজ্জন্য দোষ ধাতুত্রয়ই দেহাশ্রিত রোগের কারণ।৪৮

রোগপরীক্ষায় বাত পিত্ত কফের সাম্য বৃদ্ধি ও প্রকোপের সহিত সপ্ত ধাতুর বিচার করা কর্ত্তব্য। যেমন ত্রিতন্ত্রীদ্বারা সপ্তস্বরের বিকাশ ও বোধ হয়, তেমনই ত্রিদোষ হইতে সপ্তধাতুর প্রকৃতি বিকৃতি বুঝিতে হয়।৪৯

সকলের সাত্ম্য (স্বাভাবিক শারীর ধাতু-সংস্থান) একরূপ নহে;—এমন কি একের যাহা সাত্ম্য, অন্যের তাহা অসাত্ম্য বা রোগকর হইতে পারে; সুতরাং প্রত্যেকের সাত্ম্যজ্ঞান না থাকিলে, তাহার রোগজ্ঞান অসম্ভব। তাই চিকিৎসক লোকের দোষদূষ্যভাব,—জাতকালীন গ্রহবলে ধাতুসঙ্গঠন ও কর্ম্মবৃত্তি প্রভৃতি দ্বারা রোগীর সাত্ম্যবোধে সচেষ্ট হইবেন।৫০

বয়োভেদে জীবদেহে ধাতুভেদ ঘটে;—ঋতুবিপর্যয়েও ধাতুর গতি-বিপর্য্যয় হয়। গ্রহচারহেতুও ধাতুগতভেদ ঘটে।—এই সকল কারণে সাত্ম্যহানি ঘটায়—প্রকৃতিসঙ্গত ব্যাধি ও প্রকৃতির বিকৃতিহেতুক ব্যাধি জন্মিয়া থাকে।৫১

প্রাকৃত ব্যাধিসমূহ সুখসাধ্য, আর বৈকৃতব্যাধিসমূহ দুঃসাধ্য; অপরতঃ প্রাকৃত বাতজ রোগও দুঃসাধ্য বলিয়া আয়ুর্ব্বেদজ্ঞ পণ্ডিতগণ নির্দ্দেশ করিয়াছেন।৫২

রসমাত্রই রসনার (অর্থ) বিষয়—অর্থাৎ রসনাদ্বারাই রসের উপলব্ধি হয়; সেই রস ষড়্‌বিধ, যথা—কষায়, লবণ, কটু, তিক্ত, অম্ল, স্বাদু।৫৩

কটু তিক্ত কষায় রস বায়ুকে প্রবল ও চঞ্চল করে, কটু অম্ল লবণ পিত্তকে, মধুর, অম্ল, লবণ কফকে প্রকুপিত করে।৫৪

কফের প্রাবল্যে শীতত্ব ও গুরুত্ব, বায়ুর প্রাবল্যে রুক্ষত্ব ও লঘুত্ব, এবং পিত্তের প্রাবল্যে তীক্ষ্ণত্ব ও উষ্ণত্ব দেহে অনুভূত হয়;—ইহাই ত্রিদোষের—বাত পিত্ত কফের—সঙ্ক্ষিপ্ত ধর্মসংগ্রহ।৫৫

ঘৃত তৈল বসা মজ্জা—এই চতুর্বিধ স্নেহের পান বা অভ্যঙ্গ, উষ্ণ-পান, উষ্ণভোজন, উষ্ণ স্বেদ, লবণাম্লস্বাদু রসের আস্বাদন, গুরু অন্ন ভোজন,—এই সকল যোগে বায়ুর প্রকোপ প্রশমিত হয়; তিক্ত কটু মধুর রসের আস্বাদনে পিত্তের এবং তিক্ত কটু কষায় রসের গ্রহণে কফের প্রকোপ প্রশমিত হয়।৪৬

দোষ দুষ্যের বিচার দ্বারা রোগপরীক্ষা ভিষগ্‌গণের কর্ত্তব্য। স্থানভেদে ও কর্মভেদে দোষসমূহের প্রত্যেকে—বাত পিত্ত কফের এক একটী করিয়া—তিনটী পাঁচ পাঁচ ভাগে বিভক্ত। পরে তাহার বর্ণনা করা যাইতেছে। যথা—

বায়ু পাঁচ প্রকার—

প্রাণ—যাহা শ্বাসযোগে জীবকে প্রকৃষ্ট জীবিত রাখে,—মুখসঞ্চারী।

উদান—যাহা উর্ধ্বগতি দ্বারা প্রবাহিত থাকিয়া জীবকে জীবিত রাখে।

সমান—যাহা অগ্ন্যাশয়ে থাকিয়া সম্যগ্‌রূপে জীবকে জীবিত রাখে।

ব্যান—যাহা দেহব্যাপিয়া বিচরণশীল থাকিয়া, জীবকে জীবিত রাখে।

অপান—যাহা অধোগত হইয়া, জীবিত রাখে, তাহা পক্বাশয়স্থ বায়ু।

এই পঞ্চ বায়ু দ্বারা সমস্ত দৈহিক কর্ম সম্পন্ন হয়; এতজ্জন্যই বায়ু একমাত্র সর্বকর্মপ্রবর্তক।

পিত্ত পাঁচ প্রকার—

পাচক—যাহা ভুক্ত অন্নের পাক করে। স্থান—আমাশয় ও পক্বাশয়।

রঞ্জক—যাহা রক্ত রঞ্জিত করে; স্থান—যকৃৎ প্লীহা।

সাধক—যাহা দ্বারা রক্তসঞ্চালন সাধিত হয়; স্থান—হৃদয়।

আলোচক—যাহা দ্বারা বিশ্ব বস্তু আলোচিত হয়; স্থান—নেত্রদ্বয়।

ভ্রাজক—যাহা দ্বারা দৈহিক রস উত্তাপে ভৃষ্ট হয়, স্থান—ত্বক্।

কফ পাঁচ প্রকার—

আলম্বক—যাহাতে দেহের আলম্বন স্থিরধারণ হয়; স্থান—বক্ষস্থল।

ক্লেদক—যাহা দ্বারা ভুক্ত অন্ন ক্লিন্ন হয় ; স্থান—আমাশয়।

শ্লেষক—যাহা দ্বারা অঙ্গসমূহ শ্লিষ্ট বা আলিঙ্গিত হয় ; স্থান—সন্ধি।

বোধক—যাহা দ্বারা রসাদির বোধ হয় ; স্থান—রসনা।

তর্পক—যাহা দ্বারা শরীরের তৃপ্তিসাধন হয় ; স্থান—মস্তক।৫৩—৬১

পরিপক্ব রস সমান বায়ু দ্বারা (হৃদয়ে) নীত হইলে, হৃদয় তাহাকে ধারণ করিতে সমর্থ বলিয়া, হৃদয় রসের প্রধান আধার স্থান। রক্তের অধিষ্ঠান যকৃৎ প্লীহা। মাংসের আধার পেশী।৬২

মেদের আধার সূক্ষ্মাস্থি ও উদর,—অস্থির স্থান সর্বশরীর—মজ্জার আধার স্থুলাস্থি, এবং শুক্রের আবস্থান সর্বদেহ।৬৩

বাতধাতুর ক্ষয় হইলে, বাক্যহীনতা বা অল্পবচনবাদিতা, হর্ষাভাব, মোহাবৃতজ্ঞান,জড়তা অল্পচেষ্টতা—এই লক্ষণসমূহ মানবদেহে প্রকাশ পায়।৬৪

পিত্তধাতুর ক্ষয় হইলে, অগ্নিমান্দ্য করপদের স্বাভাবিক তাপের অল্পতা প্রভাহীনতা, চেষ্টারাহিত্য হয়।৬৫

শ্লেষ্মধাতুর ক্ষয় হইলে, অন্তর্দ্দাহ, রুক্ষতা, তৃষ্ণা, দুর্বলতা নিদ্রারাহিত্য, সন্ধিগুলির শিথিলতা, এবং বাতাশয় পিত্তাশয় শ্লেষ্মাশয় রক্তাশয় পক্কাশয় মূত্রাশয়ের শূন্যতা ঘটে।৬৬

রসক্ষয়ে—হৃৎপীড়া, হৃদয়শূন্যতা, কম্প, দেহের শুষ্কতা, তৃষ্ণা হইয়া থাকে।

রক্তক্ষয়ে—ত্বক্‌সমূহের পরুষতা, (স্নেহহীনতা), অম্লভোজনে শীতসেবনে স্পৃহা, শিরাসমূহের শৈথিল্য হয়।৬৭

মাংসক্ষয়ে—নিতম্ব-প্রোথ (পাছার মাংসল স্থান), গণ্ড, ওষ্ঠ, উদর, উরু, বক্ষঃ, পিণ্ডিকা, বাহুযুগল ও জানুর নিম্নস্থ মাংসল প্রদেশ, উপস্থ ও স্রোতঃসমূহের রুক্ষতা শোষ ও সূচীভেদবৎ বেদনা, গ্রীবার ও কক্ষার (বাহুমূলের) অবসাদ, স্রোতঃসমূহের শিথিলতা ও সমগ্র গাত্রের অবসাদ ঘটিয়া থাকে।৬৮

মেদঃক্ষয় হইলে, কোমল শিথিল মাংসভোজনে আকাঙ্ক্ষা, গাত্রের রুক্ষতা, সন্ধিসমূহের শূন্যতা, প্লীহবৃদ্ধি হইয়া থাকে।৬৯

অস্থিক্ষয়ে—দন্ত নখ অঙ্গুলিসমূহের ভঙ্গবদ্‌ব্যথা, অস্থির (বায়ুর সমধর্ম বলিয়া) রুক্ষতা এবং অস্থিগ্রহাদি ঘটে।৭০

মজ্জক্ষয়ে—শুক্রের অল্পতা, অস্থিতে নিরন্তর ভেদবদ্‌ব্যথা, সন্ধিপর্ব্বগুলির ভেদবদ্‌ব্যথা ও অস্থিসমূহের অসারতাবোধ হয়।৭১

শুক্রক্ষয়ে—নিত্য প্রায়শঃ মৈথুনে অনিচ্ছা, মেঢ্রে ও বৃষণে সংগ্রহ ব্যথা, বহুক্ষণ পরে শুক্রক্ষরণ—অপিচ শুক্রের সহিত শোণিতক্ষরণ ও তাহার ক্ষরণকালে ব্যথাবোধ—এই সকল লক্ষণ শরীরীর শরীরে দেখা যায়।৭২

মলক্ষয়ে—হৃদয়ে পার্শ্বে পীড়া এবং বায়ুর ঊর্দ্ধগতি হয়, কুক্ষিতে বায়ুর সঞ্চরণ হইতে থাকে।৭৩

মূত্রক্ষয়ে—বস্তিদেশে (নাভির অধঃস্থ মূত্রস্থলীর সমীপস্থ তলপেটে) সূচীভেদবৎ বেদনা ও মূত্রের অল্পতা হয়। ৭৪

স্বেদক্ষয়ে—লোমকূপের স্তব্ধতা, তজ্জন্য ঘর্মহানি, ত্বকের শুষ্কতা, ঘর্মের অভাব, জড়তা, ও স্পর্শশক্তির বিকৃতি ঘটিয়া থাকে। ৭৫

আর্ত্তবক্ষয়ে—নারীদেহে যোনিব্যথা, যথোচিতকালে ঋতুর অদর্শন, তাহার অল্পতা, কখন কখন ঋতুর একেবারে অভাব—রজের অপ্রবৃত্তি হয়। ৭৬

রসাদি ধাতুসমূহের ক্ষয়ে তজ্জন্য ধাতু সমূহের (রস হইতে রক্ত, রক্ত হইতে মাংস, মাংস হইতে মেদঃ, মেদঃ হইতে অস্থি, অস্থি হইতে মজ্জা, মজ্জা হইতে শুক্র উৎপন্ন হয়) পূর্ব্ব পূর্ব ধাতুর ক্ষয়ে পর পর ধাতুর ক্ষয় হয়; যথা রসক্ষয়ে রক্তক্ষয়, রক্তক্ষয়ে মাংসক্ষয়, মাংসক্ষয়ে, মেদঃক্ষয় ইত্যাদি অবশ্যম্ভাবী। অপরতঃ, পূর্ব ধাতুর বৃদ্ধি হইলে, পরের ক্ষীণ ধাতুর উপচয় হওয়ায়, শমতা সাধন হইয়া থাকে। ৭৭

বাতবৃদ্ধিতে—বাক্যের কর্কশতা, দেহের কৃশতা, গাত্রস্ফুরণ,

স্বভাবের উগ্রতা, ওষ্ঠকরতল প্রভৃতির কৃষ্ণত্ব, উষ্ণসেবাভিলাষ, অনিদ্রা, অল্পবলত্ব ও গাঢ়মলত্ব নিশ্চিতই হয়। ৭৮

পিত্তবৃদ্ধিতে—দেহের পীতবর্ণতা, সন্তাপ, মলমূত্র-নেত্রের পীতত্ব, ইন্দ্রিয়ের দুর্ব্বলতা, অবসাদ, মূর্চ্ছা, শীতল পদার্থের সেবনেচ্ছা, দাহ ও অল্পনিদ্রতা হইয়া থাকে। ৭৯

শ্লেষ্মবৃদ্ধিতে—নিদ্রা, তন্দ্রা, অবসাদ, গাত্রের গুরুতা, স্থির-ভাবোপপত্তি, মলমূত্রাদির শ্বেতবর্ণতা, ও সন্ধিসমূহের বিচ্ছিন্নভাব হইয়া থাকে। ৮০

রসবৃদ্ধিতে—স্রোতঃসমূহ হইতে রসনিঃসার, হৃদয়ে উৎক্লেদ, (গা কেমন করা) অবিরত হয়। ৮১

রক্তবৃদ্ধিতে—শরীর রক্তবর্ণ, শিরাপূর্ণ, চক্ষু রক্তবর্ণ, দেহের সর্ব্বাঙ্গ লোহিতভাবাপন্ন হয়। ৮২

মাংসবৃদ্ধিতে—নিতম্ব-প্রোথ, গণ্ড, উষ্ঠ, উরু, জঙ্ঘা, বাহুদ্বয়, উপস্থের বৃদ্ধি গাত্রের গুরুতা হয়। ৮৩

মেদোবৃদ্ধিতে—পার্শ্ব উদরের অতিবৃদ্ধি, অঙ্গের স্নিগ্ধতা, গুরুতা, গাত্রের দৌর্গন্ধ্য, কাস শ্বাসাদি হয়। ৮৪

অস্থিবৃদ্ধিতে—অধিক অস্থিসম্ভব ও অধিক দন্তোদ্গম (আক্কেল দাঁত) হয়। ৮৫

মজ্জবৃদ্ধিতে—সর্ব্বাঙ্গের গুরুতা, নেত্রদ্বয়ের বিশিষ্টরূপ গুরুত্ব হয়। ৮৬

শুক্রবৃদ্ধিতে—রতিবৃত্তির প্রাচুর্য, শুক্রের অতিক্ষরণ, এবং শুক্রের দানা বাঁধায়, অশ্মরীর উৎপত্তি হয়। ৮৭

মলবৃদ্ধিতে—উদরে সশব্দ বেদনা ও কুক্ষিশূল হয়। ৮৮

মূত্রবৃদ্ধিতে—মলবিবন্ধজন্য উদরস্ফীতি (পেট-ফাঁপা) ও তল-পেটে মূত্রাশয়প্রদেশে সূচীভেদবৎ বেদনা হয়। ৮৯

স্বেদবৃদ্ধিতে—চর্ম্মের দুর্গন্ধত্ব, ও বিচর্চিকাদি কণ্ডু অতিরিক্ত হয়। ৯০

আর্তববৃদ্ধিতে—নারীগণের দুর্বলতা, রতিবৃত্তিবৃদ্ধি, গাত্রে সূচীভেদবৎ বেদনা, অঙ্গে মর্দনবৎ ব্যথা (গা ভাঙ্গা) এবং স্তনদ্বয়ের ঈষৎ স্থূলতা হয়। ৯১

রসাদি ধাতুসমূহের বৃদ্ধিতে তজ্জনিত ধাতুসমূহের বৃদ্ধি হয়; যথা রসবৃদ্ধিতে রক্তবৃদ্ধি, রক্তবৃদ্ধিতে মাংসবৃদ্ধি, মাংসবৃদ্ধিতে মেদোবৃদ্ধি, মেদোবৃদ্ধিতে অস্থিবৃদ্ধি, অস্থিবৃদ্ধিতে মজ্জবৃদ্ধি ইত্যাদি অবশ্যম্ভাবী। পূর্ব্ব পূর্ব্ব যোনি-ধাতুর হ্রাস হইলে, তজ্জাত ধাতুর বৃদ্ধি প্রশমিত হয়। ৯২

রসাদি শুক্রান্ত সপ্তধাতুর শ্রেষ্ঠতেজই ওজঃ। ইহা সোমাত্মক, স্নিগ্ধ, শুক্লবর্ণ, শীত (স্পর্শজ্ঞেয়), স্থির, সর (গড়াইয়া যায়), পৃথক্কৃত (শারীর অন্যান্য ধাতু হইতে), মৃদু, প্রশস্ত মৃদ্বৎ ধারণ-ধর্ম্মশীল, ইহাই প্রাণের শ্রেষ্ঠধারক। ইহা শরীরীর সকল দেহে ব্যাপ্ত, ইহার অভাবে শরীরীর শরীর শীর্ণ হইয়া যায়। ৯৩।৯৪

ওজঃক্ষরণে সন্ধির বিশ্লেষ, অন্যান্য ধাতুর পতন, শারীরিকী ক্রিয়ার সম্যক্ নিরোধ, ও গাত্রের অবসাদ হয়। ৯৫

ওজোধাতুর ব্যাপত্তি ঘটিলে, বায়ুকৃত শোথ, গ্লানি, ইন্দ্রিয়ের স্তব্ধতা, গাত্রের গুরুত্ব, দর্শনে বর্ণের অভেদ-জ্ঞান, নিদ্রা তন্দ্রা হয়। ৯৬

ওজঃক্ষয় হইলে, মাংসক্ষয়, মোহ (অজ্ঞানতা), মূর্চ্ছা ও প্রলাপ হয়, এবং ইহার পরিণতিতে নিশ্চিতই মরণ হয়। ৯৭

রসবর্ধনে শরীরের স্থূলত্ব ঘটে, রসক্ষয়ে কৃশতা হয়; নাতিস্থূল নাতি-সূক্ষ্ম মধ্যদেহ শ্রেষ্ঠ; কৃশনর স্থূল মানব হইতে শ্রেয়ান্ (শুভস্বাস্থ্যসম্পন্ন)।৯৮

এমন জীবদেহ নাই, যাহাতে বাত পিত্ত কফ ও রক্ত—ইহাদিগের কোন একটীর অভাব থাকিতে পারে। দেহমাত্রেই বাতপিত্ত কফ ও রক্ত থাকিবেই থাকিবে। ইহাদিগের দ্বারা দেহ ধৃত হয়। ৯৯

পক্ষী বিমানমার্গে উড্ডীন থাকিয়া, দশদিকের যে দিকেই যাউক না কেন—যেমন স্বকৃত নিজ-চ্ছায়ার অতিক্রম করিতে পারে না, দেহে স্বধাতু-বিকৃতি-জন্য রোগসমূহ যে ভাবেই উদীর্ণ হউক না কেন—তাহা তেমনই বাত পিত্ত কফ এই ধাতুত্রয়ের অতিক্রম করিতে পারে না। তাই যখন দেহে ঐ সকল ধাতু—বাত পিত্ত কফ ব্যাপন্ন বা স্বস্থচ্যুত, তখন ঐ সকল দোষ-ধাতু দ্বারা রসাদি দূষ্য ধাতুর বিকৃতি সঙ্ঘটিত হওয়ায়, রোগের সৃষ্টি হয়। সুতরাং বাত পিত্ত কফ সকল রোগেরই হেতু। ১০০—১০১

বাত পিত্ত কফ এই ধাতুত্রয় দেহে যে স্বাস্থ্যের বিধান করে, আবার তাহারাই ব্যপন্ন বা স্বস্থচ্যুত হইলে, তাহার বিপরীত করিয়া তুলে; সেই সাত্ম্যের বিপরীত ভাব—রোগ। এই রোগ চিকিৎসা-যোগে হীন বা নষ্ট হয়,—আর সেই রোগের হীনতাই জীবের সুখকরী। যাহার হান করা যায় তাহাই হেয়। বাত পিত্ত কফ এই ধাতুত্রয় দেহে যে সাত্ম্যবিধান করিয়া, হিতসাধন করে, সেই সেই ধাতুহিতের বিপর্য্যয় ঘটিলে, যে রোগের উদ্রেক হয়, সেই উদ্রিক্ত রোগের বিক্রমে যে ধাতুধৃত সাত্ম্য জন্য হিত বা ধাতুর হিত ত্যাগ করিতে শরীর বাধ্য হয়, সেই ক্ষতিই হান নামে কথিত।

ধাতুর বিকৃতভাব হইতে সম্ভূতা হেয় হইতে উৎপন্না যে হানি, তাহা বিপরীত ক্রিয়া ভাব দ্বারা বিনষ্ট হয়; বিপরীত ক্রিয়া ব্যতীতও বিপরীত ক্রিয়ার অর্থ করিতে পারে, এমন ব্যাপারেও হেয়-হানের বিনাশ হয়; ইহাকে হানোপায় আখ্যা দেওয়া হয়। হানোপায় বিধানের যে সুখাবহ সাধন, তাহার নাম ব্যাধির উপশয়। ইহার অপর পর্য্যায় বা একার্থক শব্দ সাত্ম্য। ১০৪—১০৫

শরীরে অসাত্ম্য-সংযোগ এবং সাত্ম্য হইতে স্খলনই রোগ; তাহার প্রতিশব্দ—বিকার, ব্যাধি, আতঙ্ক, গদ। ১০৬

সকল প্রাণীর দেহেই প্রকৃতিরক্ষণী সাত্ম্যবিধায়িনী, স্বাস্থ্যসাধনী, শক্তি

আছে। সেই শক্তি আয়ুঃসহ নিত্যা বীজরূপা সনাতনী,—অদ্ভুতা ক্রিয়াশীলা। ১০৭

সেই সনাতনী শক্তি অখিল জীবের রক্ষাবিধান করে, আবার সংহারও করিয়া থাকে; এই শক্তি সাত্ত্বগ্রাহিণী ও অসত্ত্বের অপসারিণী। ১০৮

এই শক্তি দ্বারা দেহধারী জীব অজপা জপিয়া থাকে;—শ্বাস প্রশ্বাস দ্বারা সোহহং মন্ত্রের জপ করে। সেই শ্বাস প্রশ্বাস দ্বারা যথেচ্ছ বায়ুর গ্রহণ ও ত্যাগ করিয়া থাকে। ১০৯

এই জগদ্ধাত্রী শক্তি জীবগণের প্রাণধারণে হিতকারিণী; অতএব ইনি আয়ুষ্করী বলিয়া খ্যাতা। ইহা দ্বারা ঔষধ ব্যতীতও রোগের স্বতই প্রশমন হয়। ১১০

ইতি প্রথমাধ্যায়।

শারীরবিজ্ঞানীয়-নামক দ্বিতীয় অধ্যায়।

জীবাত্মা, মহান্, অহঙ্কার, মূলপ্রকৃতি, পঞ্চমহাভূত, পঞ্চতন্মাত্র, একাদশ ইন্দ্রিয়—এই পঞ্চবিংশতি তত্ত্বের সহিত গর্ভে গর্ভাশয়স্থ শুক্রশোণিতের বিপরিণামে—ভ্রূণ-শরীরের উৎপত্তি; সেই শরীর ক্রমবৃদ্ধিলাভে স্বেচ্ছা-কুশল জীবের আশ্রয় হওয়ায়, জীব শরীরধারণে আহার, বিহার, কামনা, সম্প্রভাব (উৎপাদনাদি কর্ম্ম) সম্পাদন করিয়া থাকে। ১

এই শরীর স্থূল-সূক্ষ্ম-ভেদে দ্বিবিধ। পঞ্চভূতময় ইন্দ্রিয়গ্রাহ্য দেহ স্থূল। অপঞ্চীকৃত ভূতজাত পঞ্চপ্রাণ-মনোবুদ্ধি-দশেন্দ্রিয়যুক্ত যে দেহ তাহাই সূক্ষ্ম দেহ। ২—৪

শরীরের উপরে যে চর্ম্মবেষ্টনী আছে, তাহার নাম ত্বক্। বাহ্য উপদ্রব-সমূহের নিরাকরণ করিতে—অভিঘাতসমূহ হইতে রক্ষা করিতে ত্বক্ উপযোগিনী আচ্ছাদনী—বিধিকর্তৃক ব্যবস্থাপিত আছে। ৫

প্রথমাঙ্গ—উত্তমাঙ্গ।—জ্ঞানের আধার মস্তকই আমাদিগের শরীরাঙ্গসমূহমধ্যে উত্তমাঙ্গ। তাহার মধ্যে মস্তিষ্ক অবস্থিত,—ইহা হইতেই স্নায়ুবৃক্ষের পুষ্টি হইয়া থাকে।৬। ইহার উপাঙ্গসমূহ—শঙ্খদ্বয়, ভ্রূদ্বয়, ললাট, নেত্রদ্বয়, কনীনিকাদ্বয়, পক্ষদ্বয়, কৃষ্ণগোলদ্বয়, শ্বেতভাগ ও স্রোতঃপথ, দৃষ্টিদ্বয়, অপাঙ্গদ্বয়, স্রোতোদ্বয়, নাসাদ্বয়, কর্ণদ্বয়, শ্রবণশষ্কুলীদ্বয়, কপালদ্বয়, হনুদ্বয়, ওষ্ঠ, অধর, সৃক্কণিদ্বয়, জিহ্বা, দন্ত, মুখ, দন্তবেষ্ট, গল, চিবুক—এইগুলি ঊর্দ্ধগত উপাঙ্গ। ৭

দ্বিতীয়াঙ্গ গ্রীবা।—গ্রীবায় স্নায়ুকেন্দ্র অবস্থিত। ৮

তৃতীয়াঙ্গ বাহুদ্বয়।—স্কন্ধ, প্রগণ্ডক, প্রকোষ্ঠদ্বয়, কফণীদ্বয়, হস্তদ্বয়, মণিবন্ধদ্বয়, হস্ততলদ্বয়, দশ অঙ্গুলি, দশ নখ,—এই কয়েকটী উপাঙ্গ। ৯

চতুর্থাঙ্গ বক্ষস্তল—ইহাতে হৃদয়ের অধিষ্ঠান ; জক্রুদ্বয় (কণ্ঠাস্থি-দ্বয়), স্তনদ্বয়, কক্ষদ্বয়, বক্ষঃকক্ষের সন্ধিদ্বয়, ফুপ্ফুসদ্বয়, কক্ষবঙ্ক্ষণদ্বয়—এইগুলি ইহার উপাঙ্গ। ১০

হৃদয় কমলাকার, নিয়ত অধোমুখ ;—জাগ্রজ্জীবে এই হৃদয় সত্বগুণ ও রজোগুণ দ্বারা উন্মীলিত হয় ; তাহাই আবার নিদ্রাকালে তমোবৃত হওয়ায় মুকুলিত বা অবসন্ন হয়। ইহাই বিশেষরূপে চেতনাধার—জীবনের একমাত্র আশ্রয়। ১১। পুরুষদিগের বক্ষস্তলে দুইটী অনুন্নত স্তন চিহ্নমাত্র দেখিতে পাওয়া যায়। যুবতীদিগের যৌবনাগমে স্তনদ্বয় পীনোন্নত ও দৃঢ় হয়। আবার গর্ভিণীর স্তনে ক্ষীরসঞ্চার হয় ও সন্তানপ্রসবের পর তাহা ক্ষীরপূরিতও হইয়া থাকে। ১২

পঞ্চমাঙ্গ উদর—ষষ্ঠাঙ্গ পার্শ্বদ্বয়—সপ্তমাঙ্গ মেরুদণ্ড-সমন্বিত পৃষ্ঠদেশ।—উদরের বামভাগে হৃদয়ের নিম্নে প্লীহা অবস্থিত ;—সমস্ত শোণিতবাহিকা শিরা প্লীহায় প্রবেশ করিয়াছে। উদরের দক্ষিণ-ভাগে হৃদয়ের নিম্নে পিত্তাধার যকৃৎ অবস্থিত,—হৃদয় হইতে দক্ষিণে ও নিম্নে বাতরক্তজ ক্লোমনামক যন্ত্রের অধিষ্ঠান। মেদোরক্তজ বৃক্কদ্বয়—দুই পার্শ্বে অবস্থিত—ইহারা জাঠর মেদের পুষ্টিকর। সার্ধ ব্যামত্রয় (১ ব্যাম—৩৷৹ হাত) পুরুষদিগের অন্ত্র বা পাকনাড়ী দৈর্ঘ্যে প্রায় সাড়ে তিন ব্যাম ; স্ত্রীজাতির অন্ত্র, ত্রিব্যামমাত্র। উণ্ডুক, কটি, ত্রিক (মেরুদণ্ড-নিম্নে ত্রিভুজাকার অস্থি-সঙ্ঘাত), মেঢ্র, বস্তি বঙ্ক্ষণদ্বয়, কণ্ডরাপ্ররোহ বীর্যাধার, ও মূত্রাধার,—বঙ্ক্ষণদ্বয়-পার্শ্ববাহিনী দুইটী শিরা—বীর্যবাহিকা, ও তৎসন্নদ্ধ দুইটী অণ্ডকোষ ;—জননেন্দ্রিয়—ইহা আনন্দবর্দ্ধক—গর্ভাধানের কারণ। ১৩—১৬

স্ত্রীজাতির যোনির তিনটী আবর্ত ; তাহার তৃতীয় আবর্তে গর্ভশয্যা অবস্থিত। ১৭

বীর্যবাহিনী শিরা দুইটী রেতোধর অণ্ড ধারণ করে। তাহারা রতিকালে যোনিতে রেতোবর্ষণ করে বলিয়া, তাহাদের অপর নাম বৃষণ। ১৮

মলভাণ্ডও তিনটী আবর্ত্তদ্বারা নির্ম্মিত—তিনটী বলি দ্বারা ধৃত; প্রত্যেক বলি সার্দ্ধ অঙ্গুলি পরিমিত; সুতরাং সমগ্র সাড়ে চারি অঙ্গুলিমাত্র। ১৯

তাহার প্রথম ভাগে প্রবাহিণী নাড়ী—অন্নোৎপন্ন আমরস প্রবাহিত করিয়া, তাহার সারাংশগ্রহণ করিবার, পর পক্বাবশিষ্টের প্রবাহণে সমর্থা; তৎপরে বিসর্জ্জিনী—অবশিষ্ট রসের বা কিট্টের ত্যাগ করে; তৎপরে সংবরণী—যাহা মল ত্যাগের পথের সঙ্কোচন করিতে সমর্থ;—তৎপরে গুদমুখ, ইহাই মলত্যাগের পথ—প্রমাণ—অর্দ্ধাঙ্গুলি। ২০

পুরুষদিগের যাহা প্রোথদ্বয়, স্ত্রীদিগের তাহাই নিতম্ব; তাহাতে দুইটী আবর্ত্তময় কূপসদৃশ কুকুন্দর আছে;—মধ্যদেহের এই সকলই উপাঙ্গ। ২১

অষ্টমাঙ্গ উরুদ্বয় ও সক্থিদ্বয়—দেহের ধারক। জানুদ্বয়, পিণ্ডিকাদ্বয়, জঙ্ঘাদ্বয়, ঘুণ্টিকাদ্বয়, পার্ষ্ণীদ্বয়, প্রপদদ্বয়, দশটী অঙ্গুলি, দশ নখ—এই গুলি ইহার উপাঙ্গ। ২২।২৩

ক্ষীরপাক করিতে করিতে যেমন তাহার উপরে সরের আবরণ পড়ে, তেমনই শুক্রশোণিতের বিপরিণামে—এই মানবদেহের ত্বক্। ২৪
—এই ত্বক্ সপ্ত প্রকার।

প্রথমা ত্বক্ অবভাসিনী—যাহা দ্বারা অবভাসিত বা দীপ্ত হয়,—যাহার আরম্ভেই সকল বর্ণের শ্বেতকৃষ্ণাদির বর্ণ বিকাশ হয়, তাহাই অবভাসিনী। ইহার পরিমাণ এক যবের ১৮ ভাগের ১ ভাগ। এই স্থানে সিধ্ম, কিলাস (ছুলী) ও পদ্মকণ্টক রোগ অবস্থান করে।

দ্বিতীয়া ত্বক্ লোহিতা—ইহা ১টী যবের ১৬ ভাগের ১ ভাগ, ইহাতে ন্যচ্ছ (নিকৃষ্ট-চর্ম্মত্ব), ব্যঙ্গ, তিল, কালকাদির অধিষ্ঠান।

তৃতীয়া ত্বক্ শ্বেতা—ইহা একটী যবের দ্বাদশভাগের এক ভাগ। ইহাতে চর্ম্মদল, অজগল্লীর অধিষ্ঠান।

চতুর্থী ত্বক্ তাম্রা—ইহা যবের অষ্টভাগের এক ভাগ। ইহাতে কিলাস কুষ্ঠ প্রভৃতির অধিষ্ঠান।

পঞ্চমী ত্বক্ বেদিনী—ইহা দ্বারা ক্লেশাদির উপলব্ধি হয়; ইহার পরিমাণ যবের পঞ্চমাংশ। ইহাতে কুষ্ঠ বিসর্প প্রভৃতির অধিষ্ঠান।

ষষ্ঠী ত্বক্ রোহিণী—ইহার দ্বারা অন্যান্য ত্বকের রোহণ বা উৎপাদনবিস্থানজন্য, অঙ্গসংস্থান হইয়া থাকে; ইহার পরিমাণ ১ যব প্রমাণ। ইহাতে গ্রন্থী, অপচী, অর্বুদ, শ্লীপদ, গলগণ্ড প্রভৃতির অবস্থান দৃষ্ট হয়।

সপ্তমী ত্বক্ মাংসধরা—ইহার পরিমাণ ২ যব প্রমাণ। ইহাতে বিদ্রধী, অর্শঃ ভগন্দরের অধিষ্ঠান। ২৫—৩১

এই সপ্তস্তরময়ী ত্বকের প্রথম দুইটী স্তর—চর্ম (skin); তাহা আবার বাহ্য ও আভ্যন্তর ভেদে দ্বিবিধ; তাহাতে ত্বকের ছিদ্র দ্বারা লোমকূপযোগে জল বায়ু আকর্ষিত বা গৃহীত হয়;—তাহাতে ঘর্মের ত্যাগ ও স্বাভাবিক শারীর উষ্মার রক্ষা হইয়া থাকে। * ৩২।৩৩

এই ত্বগাবৃত দেহের বাম ও দক্ষিণ ভেদে দুইটী সমবিভাগ দেখিতে পাওয়া যায়। আর ইহাতে কয়েকটী স্থানে যেন ত্বকের বা চর্মের সেবনী বা শেলাই দেখা গিয়া থাকে। ঐ সেবনী এই দেহের মধ্যে সংখ্যায় ৭টী; মস্তকে ৫টী, অণ্ডকোষে ১টী, জিহ্বায় ১টী। এই সেবনীর বেধ (বিঁধা) বা ছেদভেদ করিতে নাই। তাহাতে অনিষ্টের সম্ভাবনা। ৩৪।৩৫

অস্থি Bones or Os.

পৃথ্বীতলে পাদপগণ যেমন অন্তর্নিহিত সারদ্বারা দণ্ডায়মান থাকে, জীবগণও তেমনই অস্থিসমূহদ্বারা সুখে দেহের উত্থাপন করিতে সমর্থ হইয়া থাকে। ৩৬

---

* পাশ্চাত্য শারীরবিৎ পণ্ডিতগণ বলেন,—চর্মে একপ্রকার সূক্ষ্ম গুটিকা (Sebacious gland) আছে, তাহা দ্বারা শরীরের বাহ্য জলবায়ুর আকর্ষণ ও স্বেদবিসর্জন হইয়া থাকে।

শরীরীদিগের আত্মবিরহিত শরীরের ত্বক্, মাংস, রক্ত নষ্ট গলিত হইলেও, এই দেহসার অস্থিসমূহ বহুকালেও পৃথ্বীতলে লোপ পায় না। ৩৭

এই অস্থিসমূহ কলাদ্বারা আচ্ছাদিত থাকিয়া, মাংসসমূহকে নিবদ্ধ রাখে, তাই মাংসসমূহ অস্থিসমূহের অবলম্বনে দেহভ্রষ্ট হইতে পায় না। ৩৮

মজ্জা Marrow.

সকল অস্থির মধ্য সগর্ভ (ফাঁক), উপরে কলাবৃত ; এবং এই অস্থিগর্ভ একপ্রকার পীতাভ স্নেহপদার্থে পরিপূর্ণ,—সেই অস্থিগর্ভস্থিত স্নেহ পদার্থের নাম মজ্জা। * ৩৯।৪০

সন্ধি Joints.

দুইটী অস্থির মেলনের নাম সন্ধি। ক্রিয়ানুসারে সংস্থানভেদে তাহারা দ্বিবিধ—-এক প্রকার চেষ্টাবান্ সন্ধি, অপরবিধ স্থিরসন্ধি। ৪১

অস্থিসমূহ কলাবৃত হইলেও, তাহাদিগের সন্ধিসমূহ কলাবৃত নহে—তাহারা সূক্ষ্ম তরুণাস্থি দ্বারা আবৃত। ৪২

অস্থি-সন্ধি-ভেদ।

অস্থিসমূহ তাহাদিগের রূপসংস্থান জন্য, পাঁচ ভাগে বিভক্ত। তালু, শঙ্খ, শিরোস্থি, গণ্ডাস্থি, স্কন্ধাস্থি, নিতম্ব ও জানু—এই কয়টী স্থানের অস্থি কপাল (Flat bone) নামে অভিহিত। গ্রীবা, অক্ষি, ঘ্রাণ, কর্ণ—

* পাশ্চাত্য শরীরদর্শী পণ্ডিতগণ মজ্জা দ্বিবিধ বলিয়াছেন,—রক্ত-মজ্জা, (red marrow) পীতমজ্জা (yellow marrow) ; রক্ত-মজ্জা রক্তের প্রণয়ন করে ; পীতমজ্জা অস্থিপোষণ করে।

এই সকল কোষে **তরুণাস্থি** (Cartilage) অবস্থিত। পাণি, পার্শ্ব, উদর, বক্ষঃ, পাদ, পৃষ্ঠ—এই সকল স্থানে **বলয়াস্থি** (Irregular bone)। দন্তসমূহ **রুচকাস্থি**।* অবশিষ্ট স্বস্থান-স্থিত অস্থি **নলকাস্থি** (Long bone)। ৪৩—৪৮

ত্বক্-মাংস-প্রভৃতি-বর্জিত স্বস্থানস্থিত শরীরাস্থিসমূহ কঙ্কাল(Scaliton) নামে অভিহিত। ৪৯

শরীরে ৩০০ অস্থির পরিচয় পাওয়া যায় (ইহাতে কয়েকটী অধ্বস্থির ও উপাস্থির সংখ্যাও সমন্তীকৃত)। ৫০

শাখায়	—১২০
শ্রোণীপার্শ্বপৃষ্ঠোদরে	১১৭
গ্রীবায়	৬৩
সমষ্টি	৩০০

ভগবদ্রুদ্র-মতে ২৪৬।

	১২৬—	… সক্‌থিদ্বয়ে	৬২
		… বাহুদ্বয়ে	৬৪
(মধ্যদেহে কতিপয় ক্ষুদ্রাস্থি দেখা যায়।)	৫১	… বক্ষে—	১
		… পৃষ্ঠাংশে	২৬
		(পর্শুকা) পার্শ্বদ্বয়ে	২৪
	৬৯	করোটিতে	৮
		বদনমণ্ডলে	১৪
		কর্ণদ্বয়ে	৬
		জিহ্বামূলে	১
		অণুমণ্ডলাস্থি	৮
		দন্ত	৩২
	২৪৬		২৪৬

* পাশ্চাত্য শারীরবিৎ পণ্ডিতগণ বলেন,—দন্ত অস্থি নহে, উহা Enamel গঠিত।

অপরতঃ দেহে ২১০টী সন্ধি দেখা যায়। গ্রীবোর্ধ্বদেশ সংখ্যাবিশ্লেষ।

শাখাসমূহে	৬৮
কোষ্ঠে	৫৯
গ্রীবোর্ধ্বদেশে	৮৩
	২১০

গ্রীবায়—	৮
কণ্ঠে—	৩
হৃদয়ফুপ্‌ফুস ক্লোমনিবদ্ধ নাড়ীতে	১৮
দন্তমূলে—	৩২
কণ্ঠমণিতে	১
নাসিকায়	২
চক্ষুতে	২
গণ্ডস্থলে	২
শঙ্খে	১
কর্ণদ্বয়ে (প্রত্যেকে ১)	২
হনুসন্ধিতে	২
ভ্রূযুগে	২
শঙ্খোপরি	২
মস্তকে	১
শিরঃকপালে	৫
	৮৩

আকৃতিও স্থানভেদে সন্ধিসমূহ অষ্টবিধ,—কোর, উদুখল, সামুদ্গ, প্রতর, তূণসেবনী, কাকতুণ্ড, মণ্ডল, শঙ্খাবর্ত্ত ;—কোর গর্ত্তবৎ, উদুখলাকার, সামুদ্গ সম্পুটাকার, প্রতর বেলক, তূণসেবনী (বাণাধার সেলাইয়ের মত) কাকতুণ্ড—কাকমুখসদৃশ, মণ্ডল গোলাকার, শঙ্খাবর্ত্ত—শঙ্খের আবর্ত্তের ন্যায়। ৫১

সন্ধি joint.

চেষ্টাবান্ সন্ধি দুই ভাগে বিভক্ত,—সম্যক্‌চেষ্ট ও অল্পচেষ্ট ; যাহাদিগে পর

চেষ্টা অধিক, তাহারা সম্যক্‌চেষ্ট (Diarthrosis), আর যাহাদিগের চেষ্টা অল্প, তাহা অল্পচেষ্ট (Amphiarthrosis) ;— কলা হইতে যেমন স্নেহ নিঃসৃত হয়, তেমনই সকল তরুণাস্থি হইতে স্নেহ নিঃস্রুত হইয়া, সঞ্চলনশীল অঙ্গের অস্থিসমূহের যে ক্ষয় হয়, তাহার নিবারণ করে। আর স্বল্পমাত্র সঞ্চলনশীল রজ্জুদ্বারা আবদ্ধ সন্ধিসমূহের প্রধারক সন্ধি অল্পচেষ্ট সন্ধি। অস্থিপ্রান্তের যে দৃঢ়যোগ, তাহাকে স্থির সন্ধি (arthrodia) or (synorthrosis) বলে। কটিতে শাখা-সমূহে জত্রু ও হনুর ঊর্ধ্বগত কশেরুদ্বয়ে যে সন্ধি, তাহা সম্যক্‌চেষ্ট সন্ধি ; আর অবশিষ্ট কশেরুদিগের সন্ধি—অল্পচেষ্ট সন্ধি ; তদ্ব্যতীত সকল সন্ধিই স্থিরসন্ধি। * প্রাচীন বহুদর্শী শাস্ত্রকারগণ সন্ধির যে সংখ্যা নির্দ্দেশ করিয়াছেন, তদ্ব্যতীত পেশীদিগের স্নায়ুদিগের ও শিরাদিগের বহু সন্ধি আছে ; তাহার সংখ্যা নির্দ্দেশ করা—বা জানা—দুঃসাধ্য। ৫২—৫৯

রজ্জু Ligaments.

দেহে অস্থিসমূহের সম্যক্‌ বন্ধনীস্বরূপ শুভ্রবর্ণ সূত্রবৎ পদার্থ আছে, তাহাকে রজ্জু (ligaments) বলে। অঙ্গপরিচালনের জন্য, ইহার সঙ্কোচন প্রসারণ হয়। এই অস্থিবন্ধনী রজ্জু বাহু সক্থি ও মেরুদণ্ডে অবস্থিত।

মেরুদণ্ডের উভয় পার্শ্বে পেশীনিবন্ধনের জন্য, দুইটী করিয়া রজ্জু আছে ; তাহার অভ্যন্তরে ২টী ও বাহ্যদেশে ২টী—এই ৪টী রজ্জু। ৬০—৬২

মাংসপেশী Muscle.

শরীরসংবৃত পেশীসমূহ মাংসপেশী (Muscle) রক্তবর্ণ সূত্রসমষ্টিদ্বারা নির্মিত (সূক্ষ্ম সূক্ষ্ম সমান্তরাল মাংসসমূহ দ্বারা নির্মিত) কলাদ্বারা আবৃত। ইহার সঞ্চালনে স্বভাবতঃ সঙ্কোচন হইয়া থাকে। ৬৩

* পাশ্চাত্য শারীরতত্ত্ববিদ্‌গণ বলেন,—প্রত্যেক সন্ধির বিশিষ্ট রজ্জু আছে ; কেবল শিরোঽস্থি (Skull bone) প্রভৃতিতে নাই।

এই স্পন্দনাদির প্রবর্ত্তনকারী পেশীসমূহ দ্বিবিধ—কোন কোন পেশী স্বতই পরিচালিত হয়, কোন কোন পেশী ইচ্ছাবশে পরিচালিত হইয়া থাকে। ইহাদিগের কর্ম্মানুসারে **স্ববৃত্ত** (Involuntory Muscle) **কামবৃত্ত** (Voluntory Muscle) সংজ্ঞানির্দ্দেশ করা যায়। ৬৪

শরীরতত্ত্ববিৎ পণ্ডিতগণ বলেন,—বাহু সক্থি প্রভৃতিতে কামবৃত্ত পেশী ও হৃদয় অন্ত্র প্রভৃতিতে স্ববৃত্তা পেশী আছে। ৬৫

দেহীদের দেহে স্নায়ু, সন্ধি, শিরা, ধমনী, অস্থি—পেশীদ্বারা সংবৃত; আর তাহাতেই তাহারা বলী ও সুরক্ষিত। ৬৬

দেহের যেখানে স্বভাবতঃ বা ইচ্ছাবশে সঙ্কোচ সম্ভবপর, অঙ্গ সঞ্চালনের জন্য, তথায় পেশীখণ্ডের সংস্থান আছে নিশ্চিতই। ৬৭

দৈহিক যে কোন কর্ম স্বভাবতই বা ইচ্ছাবশেই সাধিতে হউক না কেন, পেশীই সমস্ত কর্মসম্পাদনের প্রধান সাধন। ইহা অস্থিসমূহের রক্ষা করে এবং দেহীর দেহে সুখোৎপাদন করে। ৬৮

প্রত্যেক শরীরীর শরীরে ৫০০ পেশী আছে। কিন্তু স্ত্রীলোকদিগের শরীরে যোনি ও স্তনযুগ্মে আরও ২০টী পেশী অধিক দেখা যায়।* ৬৯

কলা (Pereostium.)

যাহা শরীরের ক্ষীণাংশের সংস্কার সঙ্কলন করে, তাহাই (Synovial membrane) **কলা**। এই কলা স্নায়ুদ্বারা আচ্ছন্ন, শ্লেষ্মদ্বারা পরিবেষ্টিত, ইহা শরীরস্থ সমস্ত আশয় ও অস্থিসমূহকে আবৃত করে; দেহের উষ্মদ্বারা পরিপক্ক ধাতুদিগের মল হইতে উৎপন্ন হইয়া ধাত্বাশয়ের

---

* পাশ্চাত্য শারীরতত্ত্বদর্শী পণ্ডিতগণ মাংসপেশী ব্যতীতও অন্তভেদ স্বীকার করিয়াছেন। স্নায়বী পেশী Brain tissue or nerve tissue. মাংসপেশী muscular tissue. অস্থিপেশী Bone tissue. রক্তপেশী Blood tissue. মেদঃপেশী Fat-tissue. গুটিকাপেশী Glandular tissue. কৈশিকী পেশী Fibrous tissue.

অন্তরে থাকিয়া, ধাতুদিগের পোষণরক্ষণে সমর্থ বলিয়া ইহার নাম কলা। পুরুষ-শরীরে সপ্তকলা ও স্ত্রীদেহে গর্ভাশয়ে আর একটী অতিরিক্ত কলা থাকায় অষ্টকলা দেখা যায়।

প্রথমাকলা—মাংসধরা—শিরা স্নায়ু ধমনী স্রোতঃসমূহ ব্যাপিয়া কার্য্যকরী।

দ্বিতীয়াকলা—রক্তধরা—মাংসভ্যন্তরে অবস্থিতা। যকৃৎ প্লীহা শিরাসমূহে অধিষ্ঠান।

তৃতীয়াকলা—মেদোধরা—অস্থিতে অবস্থিতা। উদরে রক্তের সহিত মেদের স্থান।

চতুর্থীকলা—শ্লেষ্মধরা—সকল সন্ধিতে অবস্থিতা। সন্ধিসমূহ তৎকর্তৃক স্নেহাভ্যক্ত হইলে, তাহাদিগের সুষ্ঠু পরিচালন সম্ভবপর।

পঞ্চমীকলা—পুরীষধরা—কোষ্ঠসংস্থিতা। ইহা পক্বাশয় উণ্ডুক অন্ত্রে থাকিয়া, মলের পৃথক্ত্ব সাধন করে।

ষষ্ঠীকলা—পিত্তধরা—কোষ্ঠে থাকিয়া পিত্ততেজোদ্বারা পরিপাকের সাহায্য করে।

সপ্তমীকলা—শুক্রধরা—সর্ব্বদেহব্যাপিনী। ইহা সর্ব্ব প্রাণীর দেহে প্রসন্নতা আনয়ন করিতে সমর্থা।

পুরুষের দেহে এই সপ্তকলা; স্ত্রীজাতির গর্ভাশয়ে আর একটী কলা আছে। ৭০—৭৯

কণ্ডরা Ganglion.

রজ্জুবৎ স্থূল শ্বেতবর্ণ চিক্কণ পেশীর অন্তে ক্রিয়াশীল যে গ্রন্থিবৎ পদার্থ, তাহার নাম কণ্ডরা (Ganglion); ইহা দ্বারাই দেহে অঙ্গসমূহের

আকুঞ্চন প্রসারণ হয়। গ্রীবা পদ হস্ত ও পৃষ্ঠদেশে—ষোড়শসংখ্যক কণ্ডরা আছে। * ৮০।৮১।

জাল Plexus.

শিরা[১] স্নায়ু[২] মাংস, অস্থি—ইহাদিগের পরস্পরের বয়ন হইতে যে জাল উৎপন্ন হয়, তাহা চারিটী চারিটী করিয়া, মণিবন্ধ, গুলফদেশে সংশ্লিষ্ট। শিরা-স্নায়ু-মাংস-অস্থি-সম্ভূত কূর্চসমূহ গ্রীবা, পদ, হস্ত, লিঙ্গ—এই সকল অঙ্গে আছে। ইহাদিগের সংখ্যা ৬টী ; হস্তদ্বয়ে ২টী, পদদ্বয়ে ২টী, গ্রীবায় ১টী, লিঙ্গে ১টী। ৮২।৮৩

ধমনী Artery.

দেহে যে নাড়ী রক্ত-পরিচালন-হেতুক বায়ুদ্বারা স্পন্দিত বা শব্দিত হয়, তাহার নাম ধমনী (Artery)। ধমনীর রক্ত-পরিচালন হইতে দেহের ক্ষীণাঙ্গের পোষণ হয়। (ধমনীদ্বারা সর্বশরীরে রক্তপরিক্রমণী ক্রিয়ার বর্ণনকালে এতদ্বিষয়ক বিশিষ্ট বিবরণ প্রকটন করা যাইবে।) ৮৪

মাতার হৃদয় হইতে শরীরে যেমন রক্তের পরিক্রমণ হয়, গর্ভস্থ ভ্রূণের অমরা (placenta) দ্বারা তেমনই রক্তপরিক্রমণ সম্পন্ন হয় ; তজ্জন্যই আয়ুর্ব্বেদজ্ঞ পণ্ডিত ঋষিগণ ধমনীসমূহ নাভিসম্ভূত বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। † ৮৫। সেই গর্ভস্থ ভ্রূণ ভূমিষ্ঠ হইলে, তাহাকে প্রকৃতি "মা"

---

* মস্তিষ্কে যেমন স্নায়ুদিগের পরিচালনী শক্তি সন্নদ্ধা, সেইরূপ কণ্ডরাগুলি স্থানীয় স্নায়ুর পরিচালন-কেন্দ্র (Peripheral nerve centre.)

১। শিরাজাল (Anastomosis)

২। স্নায়ুজাল (Nerve plexus)

† পাশ্চাত্য পণ্ডিতগণ ভ্রূণ-রক্ত-পরিক্রমণ (Fœtal. circulation) সম্বন্ধে বলেন, ভূমিষ্ঠ হইবার পর নাভিনদ্ধা ধমনীর ও শিরার (umblical artery & vain) ক্রিয়ারোধ হয়।

এই একাক্ষর মন্ত্রে অভিষিক্ত করিবার সময়ে "মা" শব্দের উচ্চারণের সহিত তাহার হৃদয়ের দ্বার উদ্ঘাটিত হয়। তখন সদ্যঃপ্রসূত সন্তানে বায়ুর গতি হয়; অর্থাৎ বাহ্য-বায়ুর সাহায্যে শ্বাস প্রশ্বাস বহিতে থাকে। হৃদয়ের বামপ্রকোষ্ঠ হইতে ধমনীমূল (Aorta) নিঃসৃত ও ঊর্ধ্বগত হইয়া পশু‍র্কার দ্বিতীয়াস্থি পর্যন্ত যাইয়া দুইটী শাখায় (Coronary arteries) ভিন্ন হইয়া, হৃদয়ে প্রবেশ করিয়াছে; পরে ধমনী পশ্চান্মুখী হইয়া, তৃতীয় কশেরুকার বামপার্শ্বে উপস্থিত হইয়া, তিনটী বৃহৎ শাখায় বিভক্ত হয়; এই ধমনী সমগ্র দেহে তাহার শাখা প্রশাখা দ্বারা ব্যাপ্ত হইয়া পড়িয়াছে। * ৮৫—৮৮।

অতঃপরে সেই ধমনী অধোমুখী হইয়া কশেরুকার চতুর্থ খণ্ডের নিম্নভাগে উপনীত হইয়াছে। এই বর্ণিতভাগত্রয়ই সমগ্র ধমনীর মূল বলিয়া সুধীগণ নির্দেশ করিয়াছেন। ৮৯।

পরে বক্ষস্তলগা পেশীর ভেদ করিয়া, সেই ধমনী উদরে প্রবেশপূর্ব্বক পরে বিসৃপ্ত হইয়া পড়ে। ইহা ধমনীর ঊর্ধ্বশিফ বৃক্ষের মূলোত্তর স্কন্ধ বলিয়া নির্দেশ করা যাইতে পারে। ৯০।

তাহার পর ধমনীর শাখা-প্রশাখাসমূহ সূক্ষ্মতরভাবে সমস্ত শরীরে ব্যাপ্ত হইয়া পড়িয়াছে। এই ধমনী-পথে রক্ত প্রবাহিত থাকিয়া, ক্ষীণাঙ্গের ক্ষয় পোষণ করিয়া থাকে। ৯১।

কালা, পেশী, অস্থি, মজ্জা—সকলেই ধমনীর অবস্থান দেখা যায়। ধমনীসমূহে ফুপ্‌ফুস্‌-বিশুদ্ধ হৃদয়-প্রবাহিত শরীর-হিতকর নির্দোষ ও সুখোষ্ণ রক্ত প্রবাহিত থাকে। কর্ম্মদ্বারা যে সকল অঙ্গের—তদ্গত উপাদানের অপচয় হয়, এই ধমনী-রক্তদ্বারা তাহার উপচয় করে; ধমনীর

---

* পাশ্চাত্য পণ্ডিতগণ বলেন,—বক্রীভূত ধমনীমূলের (Arch of the Aorta) দক্ষিণ ভাগে সাধারণস্রোতঃ (common carotid) বামভাগে বামবাহুস্রোতঃ (Left external carotid) প্রশাখ ধমনী (Subclavion artery).

বিশুদ্ধ রক্ত মজ্জা, অস্থি, শুক্র, কলা, পেশী প্রভৃতির ক্ষয় পূরণ ও বৃদ্ধি করে। * ৯২।৯৩

ধমনীর রক্ত-বাহন-বেগে মুহুর্মুহু যে স্পন্দন হয়, সেই স্পন্দনদ্বারা শরীরের সাত্ম্য ও অসাত্ম্য—স্বাস্থ্য ও অস্বাস্থ্য সুখে জানিতে পারা যায়। ৯৪

মণিবন্ধে যে ধমনী প্রবাহিতা বৈদ্যগণ তাহারই গত্যাদিদ্বারা পরীক্ষা করিয়া থাকেন। ধমনীমধ্যস্থ শোণিত-গতির অনুভূতিদ্বারা দোষ-ধাতু—বাত পিত্ত কফ এবং দূষ্য ধাতু—রস, রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা, শুক্র—ইহাদিগের বিচার করা সঙ্গত। এই ধমনীর ব্যক্তভাব শরীরে—গুলফে, কক্ষে, প্রগণ্ডে, কণ্ঠে, পার্শ্বে, কপালে, যোনিদেশে, শিশ্নে, বঙ্ক্ষণে, কপালে অঙ্গুলি-সমূহদ্বারা অনুভূত হয়।৯৫।৯৬

শিরা Vein.

ধমনীপ্রবাহিত রক্ত ক্ষীণাঙ্গপোষণ করিয়া, দুষ্ট হইলে, সেই দুষ্ট রক্ত যে সূক্ষ্ম পথে প্রবাহিত হয়—যাহা দ্বারা ধমনীর বিশুদ্ধ রক্ত শীর্ণ হয়, তাহার নাম শিরা।৯৭

যেখানে ধমনীর সূক্ষ্ম শাখার বিরাম, সেই স্থানেই শিরার প্রবৃত্তি। এই ধমনীর ও শিরার সন্ধি অসংখ্য।৯৮

কণ্ঠ, বক্ষঃ, বাহু, শীর্ষ—সর্বাঙ্গেই শিরা প্রবাহিতা। এই সূক্ষ্মশিরার

---

* পাশ্চাত্যপণ্ডিতগণ এই ধমনীসমূহকে ৩টী ভাগে বিভক্ত করিয়াছেন—বাহ্যস্তরগা (Epiblast) মধ্যস্তরগা (Mesoblast) অভ্যন্তরস্তরগা (Endoblast)।

পাশ্চাত্য পণ্ডিতগণ ধমনীর স্থানভেদে যেরূপ নামভেদ করিয়াছেন,—গুলফে (Popliteal Artery) কক্ষে (বগলে) (Brachial Artery) প্রগণ্ডে (Carotid Artery) কণ্ঠে (Facial Artery) পার্শ্বকপালে (Frontal Artery) শিশ্নে (dorsalis penis Artery) বঙ্ক্ষণে (Femoral Artery) নিম্নোদরে তলপেটে (External ileac Artery) যোনিতে (Vaginal Artery) ইত্যাদি অঙ্গে (Main Artery)।

ক্রমসমবায়ে বর্ধিত হইতে হইতে জক্র-সন্নিধানে মিলিত একটী স্থূল শিরার (Superior Venacava) সৃষ্টি দেখিতে পাওয়া যায়। ৯৯

বস্তি সক্থি উদরে যে সকল শিরা আছে, তাহাদের সমবায়ে মিলিত হইয়া যে মহতী শিরার (Inferior Venacava) বিদ্যমানতা দেখা যায়, তাহা বক্ষস্তলগতা পেশী ভেদ করিয়া, হৃদয়ালয়ে গমন করে। ১০০

সূক্ষ্ম শিরার সন্ধানজাত স্থূল শিরাদ্বয় দুষ্ট রক্ত বহন করিতে করিতে —তাহা লইয়া হৃদয়ের দক্ষিণোর্ধ্ব কোষ্ঠে নিরন্তর অর্পণ করিতে থাকে। ১০১

শিরার রক্ত নীল কৃষ্ণবর্ণ ও শরীরনাশক ; আর সেই দূষিত রক্ত নাসাগৃহীত বায়ুদ্বারা পরিশোধিত হইয়া থাকে।১০২

অপরতঃ শিরা-রক্ত-সংশ্লিষ্ট দূষিত পদার্থ প্রশ্বাসযোগে শরীর হইতে বহির্গত হইয়া থাকে ; এবং শোধিত রক্ত পুনর্বার হৃদয়পথে ধমনীর মূলের (Aorta) আশ্রয়ে সর্ব শরীরে বিচরণ করিয়া থাকে।১০৩

জীব ভূমিষ্ঠ হইলে, শক্তিময়ী প্রকৃতি যখন তাহার অভিষেক করেন, তখন হইতে যে পর্য্যন্ত না তাহার মৃত্যু হয়, ততদিন এই রক্তপরিক্রমণ মঙ্গল বিধান করে।১০৪

অন্ন-পানীয়-সম্ভূত ধাতুদিগের মলাদি দেহের যে পথে প্রবাহিত হয়, তাহাকে স্রোতঃ বলে। গ্রহণী নাড়ীর গৃহীত দেহপোষক রস সুমার্গাবলম্বনে—স্রোতঃপথে প্রবাহিত থাকিয়া, মহা-শিরা-সন্ধির সর্বদা তর্পণ করে। ১০৫।১০৬

ধমনীর রক্ত দূষিত শোণিতে পরিণত হইয়া, শিরাগত হইলে, স্রোতঃসমূহ-বাহিত লসীকা তাহার তর্পণ (সুষ্ঠু প্রবর্ধন) করিয়া থাকে। লসীকা সর্বদেহস্থিতা নির্বর্ণা জলবৎ জানিবে। ১০৭।ক

জক্রর অধোভাগে,—যে স্থানে শিরাসঙ্গমে মহাশিরার উৎপত্তি, এবং বস্তিসন্নিহিত স্থানে মহাশিরা ঊর্ধ্বগতা হইয়া ঊর্ধ্বগা মহাশিরা সহ মিলিতা, তথায় সেই মহাশিরাদ্বয়-বাহিত রক্ত মহাস্রোতোবাহিতা লসীকার সহিত

মিলিত ও বিবর্ধিত হয়। সেই লসীকাযুক্ত সংবর্ধিত শিরারক্ত হৃৎকোষ্ঠে সমাগত হইয়া, (তথা হইতে ফুপ্‌ফুস্ যন্ত্রাদির সাহায্যে বিশুদ্ধীকৃত পুনর্হৃদ্‌গত) হৃৎকোষ্ঠ হইতে সর্বশরীরে বিসৃপ্ত হইতে থাকে। ১০৮-১১০

স্নায়ু Nerve.

মানবদেহে স্নায়ু একটী উর্ধ্বশিফ বৃক্ষের ন্যায়; ইহার শিফা অর্থাৎ শিকড় মস্তিষ্কের মধ্যে ভূয়শঃ পরিব্যাপ্ত; ইহার শাখা প্রশাখা শরীরের সর্বাঙ্গে পরিব্যাপ্ত; ইহা স্বীয় শক্তিদ্বারা সকল অঙ্গের স্নান অর্থাৎ স্নিগ্ধতা-সাধন করে। ১১১

এই মানবদেহে স্নায়ু-বৃক্ষের শিফা মস্তিষ্কে, তাহার নিম্নে সন্ধিবন্ধনী (Medulla oblongata) পৃষ্ঠাংশে মহাকাণ্ড (Spinal cord)—অঙ্গ প্রত্যঙ্গ শাখা প্রশাখা—এই সমস্ত স্নায়ু-সংস্থান জীবদেহের চৈতন্য-বিকাশের সাধন। ১১২

স্নায়ুসমূহ সকল দেহব্যাপিনী বায়ুবাহিনী নাড়ী; ইহা মাংস মেদঃ অস্থি সন্ধি—সকলেরই সূত্রবৎ বন্ধন। স্নায়ু সুখ দুঃখের অববোধনার্থক জ্ঞানবিধান করে—ইহা নিত্যই প্রবৃত্তি ও নিবৃত্তি জানাইয়া দেয়। ১১৩। ১১৪

মস্তিষ্ক মানুষের শিরোগহ্বরে সুশুভ্র ঘৃতবৎ সুকোমল পদার্থ,—ইহা সর্ববিধ জ্ঞানের প্রবোধন করে। ১১৫

জীবদেহে স্নায়ুমণ্ডল শব্দের শ্রবণ বায়ুর স্পর্শন, রূপের দর্শন, রসের আস্বাদন, গন্ধের ঘ্রাণ,—এই সকল জ্ঞানের মস্তিষ্কে—অববোধনার্থক—সংজ্ঞাবহন করিয়া লইয়া যায়। ১১৬

আহার বিহার গতি প্রভৃতি সর্ববিধ কর্মই স্নায়ুপ্রবর্তিত—সর্ববিধ জৈব বা দৈহিক কর্ম—সকলই স্নায়ুসম্ভূত।* ১১৭

---

* পাশ্চত্য পণ্ডিতগণ স্নায়ুসমূহকে ক্রিয়ানুসারে দুইভাগে বিভক্ত করিয়াছেন,—এক প্রকার বার্তাবহ (sensory) অন্যপ্রকার অনুজ্ঞাবহ (motor)। প্রত্যেক পার্শ্বে দ্বাদশ·

যে অঙ্গের স্নায়ুনাশ হয়, সেই অঙ্গই মৃতের ন্যায় হইয়া থাকে। স্নায়ুবধই সর্বাঙ্গ ও একাঙ্গ রোগের কারণ। ১১৮

(স্নায়ু যেমন বাহ্য শারীর ব্যাপারের বার্ত্তা বহন করিয়া জানাইতে সমর্থ, আবার অঙ্গপরিচালনের নিয়োগে শক্ত।)

সংখ্যক (cranial nerves) আছে ; (১ম) ঘ্রাণেন্দ্রিয়ে নাসাস্নায়ু (olfactory nerve) বার্তাবহ (২য়) দর্শনেন্দ্রিয়ে নেত্রস্নায়ু (optic nerve) বার্তাবহ। (৩য়) দর্শনেন্দ্রিয়ে পক্ষাদির স্পন্দন এবং সম্মুখ-দর্শন ও দূর-দর্শনের শক্তিবিধানার্থক—আলোক-বর্ণবিকাশপর দৃষ্টি-স্নায়ু (oculomotor nerve) বার্তাবহ ও অনুজ্ঞাবহ। (৪র্থ) চক্ষুঃকণিকার কোন নির্দ্দিষ্ট পেশীর শক্তিবিধানপর কণিকাপেশীস্নায়ু (Trochlearis nerve) অনুজ্ঞাবহ। (৫ম) মুখে—মুখের কপালের চক্ষুর নাসিকার কর্ণের কতক অংশের এবং চর্বণের শক্তিবিধানপর বদনাববোধন স্নায়ু (Trigeminal nerve) বার্তাবহ ও অনুজ্ঞাবহ। (৬ষ্ঠ) চক্ষুর কোন একটী পেশীর শক্তি-বিধানপর স্নায়ু (abducent nerve) অনুজ্ঞাবহ। (৭ম) মুখে—মুখ কপাল কর্ণের কতক অংশের শক্তিবিধানপর আস্য-স্নায়ু (Facial nurve) অনুজ্ঞাবহ। (৮ম) শ্রবণেন্দ্রিয় শ্রোত্র স্নায়ু (Auditory nerve) বার্তাবহ ও অনুজ্ঞাবহ। (৯ম) জিহ্বা ও অন্ননালীতে—বোধক ও প্রবর্তক স্নায়ু (Glossopharyngeus nerve) বার্তাবহ ও অনুজ্ঞাবহ। কর্ণের অভ্যন্তরের সহিত বহির্বায়ুর সাম্যরক্ষক স্রোতঃ—মুখগহ্বর-সংযোজক পথের কর্মপ্রবর্ত্তক স্নায়ু (Nerve of Eustachian tube) (১০ম) শ্বাসনালী ফুপ্‌ফুস, অন্ননালী, আমাশয়, অন্ত্র, (ক্ষুদ্র ও বৃহৎ)—এই সকল স্থানে স্নায়ু (vagus) বার্তাবহ ও অনুজ্ঞাবহ। ইহাই আমাশয়ের অন্ন-বিপাকার্থক ক্রিয়াশীল স্নায়ু কেবল অনুজ্ঞাবহ। ইহা হৃৎপিণ্ডে কর্মপ্রবর্তন ও শক্তিবিধান করে। ইহা পাচক রস ও ক্লমরসের নিঃসারের সহায়তা করে। শ্বাসনালীর আমাশয় অন্ত্র প্রভৃতির শ্লৈষ্মিক ঝিল্লিতে বোধক স্নায়ু (Nerve of mucus membrane of Larynx stomach Intestine Gall-Bladder its duct) বার্তাবহ। (১১শ) মেরুদণ্ডের কর্মপ্রবর্তক স্নায়ু (spinal accessory nerve) অনুজ্ঞাবহ। গ্রীবায় মন্যাস্নায়ু (Trapizius nerve) গ্রীবায়—কণ্ঠস্নায়ু (Sternoclado mastoid nerve) আজ্ঞাবহ। (১২শ) জিহ্বায়—পরিচালক স্নায়ু (Hypoglossus nerve) অনুজ্ঞাবহ। মেরুস্নায়ু ৩১টী প্রত্যেক পার্শ্বে কর্মপ্রবর্তক স্নায়ু (Anterior nerve) অববোধক স্নায়ু (sensory nerve).

শাস্ত্রকারগণ মানবদেহে—৯০০ স্নায়ুর অস্তিত্বের বিষয় নির্দেশ করিয়াছেন :—

শাখা প্রশাখায় সাকল্যে	৬০০	স্নায়ুদিগের স্থূলতঃ এইরূপ নির্দেশ দেখিতে পাওয়া যায়। সূক্ষ্ম স্নায়ুদিগের সংখ্যা করা দুঃসাধ্য। ১১৯
কোষ্ঠে	২৩০	
গ্রীবোর্দ্ধ দেশে	৭০	
	৯০০	

চক্ষুঃ Eye.

মানবগণের চক্ষুঃ স্ব স্ব অঙ্গুষ্ঠের দ্বিগুণ প্রমাণ স্থূল,—অঙ্গুষ্ঠের উদর-প্রমাণ বিস্তৃত,—সার্ধ-দ্বি-অঙ্গুলি-প্রমাণ দীর্ঘ—হইয়া থাকে। এই নেত্র-মণ্ডলের তিন ভাগের একভাগ কৃষ্ণমণ্ডল, দেখা গিয়া থাকে ; কৃষ্ণমণ্ডলের সাত ভাগের এক ভাগে দৃষ্টিমণ্ডল। চক্ষুতে পাঁচটী মণ্ডল ছয়টী সন্ধি, ছয়টী পটল—আছে। পক্ষ্ম, বর্ত্ম, শ্বেত, কৃষ্ণ, দৃষ্টি—এই সকল নেত্রের পাঁচটী মণ্ডল। পক্ষ্মমণ্ডলের অভ্যন্তরে বর্ত্মমণ্ডল—বর্ত্মমণ্ডলের মধ্যে শ্বেতমণ্ডল,—শ্বেতমণ্ডলের অভ্যন্তরে কৃষ্ণমণ্ডল,—কৃষ্ণমণ্ডলেরে অভ্যন্তরে দৃষ্টিমণ্ডল,—এই চারিটী মণ্ডল পক্ষ্মমণ্ডলের মধ্যে অবস্থিত। পক্ষ্মমণ্ডলের ও বর্ত্মের মধ্যে একটী সন্ধি, বর্ত্মমণ্ডল ও শ্বেতমণ্ডলের মধ্যে একটী সন্ধি, শ্বেতমণ্ডল ও কৃষ্ণমণ্ডলের মধ্যে একটী সন্ধি, কৃষ্ণমণ্ডল ও দৃষ্টিমণ্ডলের মধ্যে একটী সন্ধি, কনীনকস্থ ও অপাঙ্গগত সন্ধি—এই ছয়টী সন্ধি। দুইটী বর্ত্মপটল, ও চক্ষুতে চারিটী পটল এই ছয়টী পটল।—প্রথম বাহ্যপটল রসরক্তাশ্রয়, দ্বিতীয় পটল মাংসাশ্রয়, তৃতীয় পটল মেদোময়, চতুর্থ কালকাস্থি-গত,—এই লোচন-পটল-চতুষ্টয়। নেত্র-পটলের পরিমাণ নেত্রস্থৌল্যের পাঁচ ভাগের এক ভাগ। কৃষ্ণমণ্ডলগত ক্ষুদ্রাংশ—মসূরদল সদৃশ দৃষ্টি-মণ্ডল,—ইহা নিত্য তেজোময় জ্যোতিঃ-স্ফুলিঙ্গ-সদৃশ প্রসিদ্ধ। এই দৃষ্টিমণ্ডল একটী স্বচ্ছ বাহ্যপটলদ্বারা আবৃত ; মধ্যে একটী বিবরবৎ

পরিদৃশ্যমান। এই দৃষ্টি-মণ্ডল শৈত্যযোগে সুস্থ থাকে; উষ্ণতাযোগে ইহার হানি হয়। ১২০—১২৯

গুণ-ভাব বিষয়ে উভয়-নেত্রের সাম্য সর্বদাই আছে। ১৩০

কর্ণ Ear.

কর্ণপালীর অন্তর্ভুক্ত গহ্বর মধ্যে যে একটী সূক্ষ্ম পটচ্ছাদন সদৃশ চর্মবেষ্টনী বর্তমান—ইহার নাম পটী (Tympanic membrane)। ইহা বায়ুদ্বারা কম্পিত হইয়া, আকাশ-কম্পনসহ শব্দের উৎপত্তি ও তাহার অববোধন ঘটাইয়া থাকে। এই পটীর অভ্যন্তরভাগে ৩টী কোমলাস্থি বর্ত্তমান;—এই তিনটী অস্থির একটী পটহের সহিত সংলগ্ন।—এই কম্পন-জাত শব্দের অববোধের জন্য,—ইহার চতুর্দিক্‌ স্নায়ু-বিস্তারে ব্যাপ্ত। সেই স্নায়ুসমূহ পটীধৃত শব্দের জ্ঞান জন্মাইয়া দেয়। * ১৩১—১৩৩

কর্ণ পটীর অভ্যন্তরে একটী প্রশস্ত পথ (Eustachian Tube) আছে। উহা শ্বাসনালী পর্যন্ত ব্যাপ্ত। তাহা বায়ু পূর্ণ;—যেমন ঢক্কার অভ্যন্তর বায়ু পূর্ণ থাকে, এবং তাহার উপর কোন ঘাত সংঘর্ষণ হইলে, যেমন শব্দের উৎপত্তি হয়, তেমনই কর্ণপটহে বায়ু-কম্পন জন্য ঘাতের শব্দ স্নায়ু দ্বারা নীত ও উপলব্ধ হয়। উভয় কর্ণের সংস্থান ভাবদ্রব্যগুণে—সকলই সমান। ১৩৪

নাসিকা Nose.

নাসিকাদ্বয় কোমল মৃদু নম্র, কুচির ন্যায় স্নায়ু-প্রান্তদ্বারা ব্যাপ্ত; ইহার রন্ধ্রে স্নায়ু (olfactory bulb) দ্বারা বাতযোগে সকল দ্রব্যেরই সূক্ষ্মতমাংশ—তদ্‌গুণ গৃহীত হয়। যাহার আঘ্রাণে নাসা-স্নায়ু-সমূহের প্রসন্নতা লাভ ঘটে, তাহাই সুগন্ধ; যাহার আঘ্রাণে নাসা-স্নায়ু-সমূহের বিষণ্ণতা লাভ হয়, তাহাই দুর্গন্ধ। ১৩৫।১৩৬

---

* I লগ্নাস্থি Mallins. II Incus. III Stapes.

মানবশরীরে ৯টী রন্ধ্র, ৭টী আশয়, ৩টী গহ্বর আছে।

পুরুষ—		পুরুষ—			
রন্ধ্র।		আশয়।		গহ্বর।	
নেত্রদ্বয়ে	২	রক্তাশয়	১	করোটী গহ্বর	১
কর্ণদ্বয়ে	২	কলাশয়	১	উরোগহ্বর	১
নাসায়	২	আমাশয়	১	উদরগহ্বর	১
বদনে	১	অগ্ন্যাশয়	১		৩
		পচনাশয়	১		
শিশ্নে	১	মলাশয়	১		
পায়ুতে	১	মূত্রাশয়	১		
	৯		৭		
নারী-দেহে অপর ৩টী		নারী-দেহে অপর ৩টী অধিক			
স্তনদ্বয়ে	২	স্তনদ্বয়ে স্তন্যাশয়ে	২		
গর্ভপথে	১	গর্ভাশয়ে	১		
	১২টী		১০টী		

মানব-শরীরে ৯টী রন্ধ্র ও ৭টী আশয় আছে; যথা—নেত্রদ্বয়ে ২টী, কর্ণদ্বয়ে ২টী, নাসাদ্বয়ে ২টী, মুখ, শিশ্ন পায়ুতে এক একটী—সমষ্টিতে ৯টী রন্ধ্র। শীর্ষে একটী গুপ্ত রন্ধ্র আছে। স্ত্রী-শরীরে—স্তনদ্বয়ে ২টী ও গর্ভপথে ১টী—সমষ্টিতে ৩টী অধিক রন্ধ্র আছে। জীবদেহে বক্ষঃ রক্তাশয়, তাহার নিম্নে কফাশয়, তাহার অধোদেশে আমাশয়, তন্নিম্নে অগ্ন্যাশয়। ইহা নাভির বামভাগের উর্দ্ধে প্রতিষ্ঠিত, তাহার উপরিভাগে তিল, (Kidney), তন্নিম্নে বাতাশয়, তাহার অধোভাগে মলাশয়, তন্নিম্নে বস্তি ও মূত্রাশয়; এই ৭টী মানব-শরীরে আশয় আছে। স্ত্রী-দেহে গর্ভাশয় ১টী ও স্তনে স্তন্যাশয় ২টী—সমষ্টিতে ৩টী আশয় অধিক। করোটীতে স্নায়ুবার্তা-

প্রবোধক মস্তিষ্ক আছে। বক্ষোগহ্বরে হৃদয়, উণ্ডুক ও ফুপ্‌ফুস আছে। উদর গহ্বরে পিত্তাশয়, যকৃৎ, আমাশয়, ক্লোম, প্লীহা, বৃক্ক, বস্তিক ক্ষুদ্রান্ত্র, স্থূলান্ত্র, গুদ, মূত্রপ্রবাহিনী, অধোমহাস্রোতঃ, ধমনীস্কন্ধ আছে। ১১৩—১৪৭

হৃদয় Heart.

যাহা শিরার রক্তহরণ করে, অবিশুদ্ধ রক্ত শোধনার্থক প্রেরণ করে, পুনরায় বিশুদ্ধ রক্তগ্রহণ করিয়া, ধমনী-পথে প্রেরণ করে,—তাহাকে হৃদয় বলিয়া জানিবে;—তাহাই মনের স্থিতি-কারণ। বক্ষোমধ্যগত কোষচতুষ্টয়ান্বিত—বেষ্টনপরা * আবরণীদ্বারা আবৃত—বাম হইতে দক্ষিণ দিকে ঈষৎ তির্য্যগ্‌ভাবে অবস্থিত—পিণ্ডাকার যন্ত্র,—হৃদয়; ইহা শোণিতেরই আধারভূত, ধমনীমূল-সংযুক্ত; ইহার আকুঞ্চন-প্রসারণ-জন্য রক্তের প্রবাহে বেগ জন্মিয়া থাকে। ১৪৭।১৪৮

রক্ত-পরিক্রমণ Circulation of Blood.

হৃদয়ের কোষচতুষ্টয়ের মধ্যে উপরে দুইটী কোষ ও নিম্নে দুইটী কোষ আছে। ইহার উর্দ্ধের দক্ষিণ কোষ (Right Auricle) শিরার দূষিত শোণিত হরণ—আকর্ষণ করিয়া তাহার নিম্নের কোষে (Right Ventricle) ক্ষেপণ করে,—সেই নিম্ন কোষ তদ্রক্তবাহিনী নাড়ী দ্বারা কলাভিন্ন কোষময় ফুপ্‌ফুসে প্রেরণ করে; সেই রক্ত, সূক্ষ্ম কলাবৃত কোষে গমন করিয়া, প্রাণবায়ুর (oxygen) সহিত সঙ্গত হইয়া (বিশুদ্ধি-লাভে) বিশোধিত হয়, এবং রক্তস্থ বিষ (Carbon di-oxide) শ্বাস-বায়ু-যোগে নিরন্তর বহির্গত হয়। তদনন্তর শোধিত রক্ত বাম-ভাগের উর্দ্ধস্থিত কোষে (Left Auricle) গমন করে; তথা হইতে বিশুদ্ধ রক্ত বাম দিকের

* ইহা একটী বেষ্টনী দ্বারা আবৃত; পাশ্চাত্য পণ্ডিতগণ, এই হৃদয়াবরণীয় নাম দিয়াছেন,—pericardium.

অধঃকোষে (Left Ventricle) আসিলে, তাহার সঙ্কোচনবশে বেগে ধমনীমূলে প্রবেশ করে এবং তথা হইতে সমস্ত শরীরপরিক্রমণ করিতে থাকে। এইরূপে রক্ত সকল কোষেই পরিভ্রমণ করিতে থাকে। হৃদয়ের সঙ্কোচন প্রসারণ হইতে রক্ত পরিক্রমিত হইয়া, জীবগণকে জীবিত রাখে; জন্তুর জন্ম হইতে যাবৎ মৃত্যু না হয়, তাবৎ হৃদয়ের কর্ম চলিতে থাকে। যদি হৃদয় ক্ষণকালের জন্য, কর্মত্যাগ করিয়া, বিরামলাভ করে, রক্ত যদি ধমনীমূলে প্রবেশ না করে, যদি শরীরে রক্তপরিক্রমণের বিরাম হয়, জীবের শ্বাসবিরতি হইয়া, প্রাণবায়ুর হানি—ক্ষণকালের মধ্যে মৃত্যু হয়। ১৪৯—১৫৬

ফুপ্‌ফুস Lungs.

বক্ষস্তলের অন্তর্গত পেশীর মধ্যে দুইটী ফুপ্‌ফুস অবস্থিত,—ইহা বায়ু-যোগে স্ফূর্তি পাইলে, দুষ্টরক্তের তথায় বিশুদ্ধি হইয়া থাকে। ফুপ্‌ফুসের আকার—সূক্ষ্মশীর্ষ অধোবিশাল মধুকোষবৎ বহুকোষসম্পন্ন; ইহা বামভাগে ও দক্ষিণভাগে অবস্থানভেদে দ্বিধা বিভক্ত। জিহ্বামূলের অধোদেশ হইতে অধোগা শ্বাস-প্রবাহিকা নালীর দুইটী শাখা,—তাহাদের প্রত্যেকটী বহু শাখায় বিভক্ত হইয়া, ফুপ্‌ফুসদ্বয়ে প্রবেশ করিয়াছে। ১৫৭—১৫৯

সেই শ্বাসবাহিকা (Trachia or wind pipe). নালীর শাখাদ্বয় হইতে বহুশাখা ফুপ্‌ফুসদ্বয়ে বিস্তৃত হইয়া তত্রত্য ফুপ্‌ফুসসংস্থিত কোষে অঙ্গীভূত সুসম্বদ্ধ আছে। নাসাদ্বয় দ্বারা শ্বাসমার্গে আকৃষ্ট বায়ু ফুপ্‌ফুসের সকল কোষে প্রবেশ করে; বক্ষোধমনীর দ্বারা নীত রক্ত ফুপ্‌ফুসে উপনীত হইলে, সেই বায়ু তাহার বিশোধন করিয়া থাকে। দেহে যে বিশুদ্ধ শোণিত প্রবাহিত রহিয়াছে, তাহা সুখোষ্ণ ও সুলোহিত;—এইরূপ লক্ষণাক্রান্ত বিশুদ্ধ রক্ত উরঃশিরাদ্বারা বামোর্দ্ধ্বস্থ হৃৎকোষে আনীত হয়। পরে তাহা বামাধঃ হৃৎকোষে গমন করিয়া, ধমনীমূলে গমন করিতে থাকে। সেই রক্ত তাহা হইতে সমগ্র শরীরে ব্যাপ্ত হয়। ১৬০—১৬৩

শ্বাসক্রিয়া ও নাড়ীর গতি।

ফুপ্‌ফুস অবলম্বন করিয়া, বায়ুর যে গত্যাগতি ইহাই শ্বাসক্রিয়া;—ইহা দ্বারা রক্তের বিশুদ্ধি সাধিত হয়। এই শ্বাস-সংখ্যার সহিত নাড়ীর ধমন-সংখ্যার বিচারে শরীরীর নিত্য হিতাহিত সুখে জানিতে পারা যায়।

নাড়ীজ্ঞগণ বলেন, সদ্যঃপ্রসূত শিশুর ধমনীর স্পন্দন তাহার মণিবন্ধ-মূলে,—প্রতিপ্রাণে ৯ বার—পলে ৫৪ বার (মিনিট ১৩০—১৩৫) অনুভূত হইয়া থাকে।

বয়োবৃদ্ধির সহিত ধমনীস্পন্দন সংখ্যা হ্রাস পায়; তজ্জন্য, বাল্যে প্রতি প্রাণে ৮ বার—পলে ৪৮ বার—(মিনিটে ১২০ বার), কৈশোরে প্রতিপ্রাণে ৭ বার—পলে ৪২ বার—(মিনিটে ১১০ বার), যৌবনে প্রতিপ্রাণে ৬ বার—পলে ৩৬ বার—(মিনিটে ৯০ বার)—প্রৌঢ়ে প্রতিপ্রাণে ৫ বার—পলে ৩০ বার—(মিনিটে—৭৫—৮০) স্পন্দন হইয়া থাকে। বৃদ্ধকালে বায়ু ক্রূরভাবাপন্ন হওয়ায়, নিত্যই স্বভাবতঃ ধমনীর স্পন্দনবৃদ্ধি হয়;—প্রতি প্রাণে ৬ বার—পলে ৩৬ বার (মিনিটে ৯০—৯৬) স্পন্দন হইয়া থাকে।—ইহাই পুরুষের শ্বাসধর্ম্ম। ১৬৪—১৬৭

স্ত্রী-সম্বন্ধে স্বতন্ত্র;—বালা কিশোরী যুবতীদিগের সহিত পুরুষের অনুকারী সম্যক্‌ স্পন্দন হয়; তবে প্রৌঢ়ার ও বৃদ্ধার প্রতিপলে ২ বার করিয়া ধমনীর স্পন্দন বৃদ্ধি পায়। ১৬৭

বাগ্‌যন্ত্র Larynx.

কণ্ঠদেশে উর্দ্ধ শ্বাসমার্গের তরুণাস্থিনির্মিত, কলা-ধমনী-সংযুক্ত রজ্জু-পেশীবদ্ধ একটী যন্ত্র সম্মুখ দিকে অবস্থিত; তাহাতে প্রচলন-কুশল পক্ষি-পক্ষের ন্যায় দুইটী উপাস্থিকৃত পক্ষ আছে। তাহার মধ্য দিয়া যখন

বায়ু-প্রবাহিত হয়; তখনই বেণু-নাদের ন্যায় মনোহর বিবিধ শব্দের উদ্ভব হইতে থাকে। ১৬৯

তথা হইতে সেই কণ্ঠচারী বায়ু কণ্ঠ তালু মূর্দ্ধা দন্ত ওষ্ঠ—এই পঞ্চস্থান স্পর্শ করিয়া পঞ্চস্বরের উদ্ভব করিয়া থাকে; আর তাহারই স্পর্শমাত্র অব্যক্ত শব্দে পঞ্চ ব্যঞ্জনের সৃষ্টি; পরে তাহাদিগের সংযোগ ভেদে—অঘোষ প্রাণ ঘোষবৎ মহাপ্রাণ অনুনাসিক ভেদে—পঞ্চাশৎবর্ণমালিকার উদ্ভব হয়। ভক্ষণ-কালে পক্ষদ্বয়দ্বারা ঐ বাগ্‌যন্ত্র যেমন আবৃত বা গুপ্ত হয়, সেইরূপ শ্বাসমার্গ গোপনের জন্য, উপজিহ্বা দ্বারা শ্বাসমার্গ অবরুদ্ধ হইয়া থাকে। ১৭০—১৭১

পরিপাক-ক্রিয়া Alimentary system.

অন্নাদির পরিপাক জন্য যে, পাকনাড়ী আছে, তাহার পরিমাণ ২০ হস্ত। এই নাড়ী মুখ হইতে পায়ু পর্যন্ত বিস্তৃত। এই পাকনাড়ী কলা-পেশী-দ্বারা নির্মিতা কোমলা—ইহার সংস্থান-ভেদে বহুনাম প্রসিদ্ধ। ইহা শ্বাসনাড়ীর পশ্চাতে স্ববৃত্তিপেশী-নির্মিত*। ১৭০—১৭৪

যকৃৎ Liver.

দেহে যে যন্ত্র রক্তের সংযম-সাধনে—রসের রঞ্জন করিয়া রক্তের উপযোগী করিতে সমর্থ, তাহার কর্ম্মানুরূপ ও নিরুক্তিসঙ্গত নাম যকৃৎ। ১৭৫

প্লীহা Spleen.

দেহের দক্ষিণ দিকে যকৃৎ ও বামদিকে প্লীহা। এই প্লীহা রক্তের বৃদ্ধি করে। ইহাতে রক্তের উপাদান সঞ্চিত থাকে ও রক্তবাহিস্রোতঃ-সমূহের প্রসাদন (কর্ম্মানুকূলতা) করিয়া থাকে। ১৭৬

---

* অন্ননালীর মুখ (Œsophagus) ঠিক শ্বাসনালীর (Trachea) পশ্চাতে অবস্থিত।

বক্ষস্তল ও যকৃতের নিম্নে আমাশয় (Stomach)। আমাশয়ের ঊর্দ্ধে যে নাড়ী, তাহা অন্ননাড়ী (Œsophagus) আর আমাশয়ের নিম্নে পায়ু পর্যন্ত ব্যাপিনী নাড়ীর নাম অন্ত্র (Intestine)। এই অন্ত্র ক্ষুদ্র ও স্থূল ভেদে দুই ভাগে বিভক্ত। ১৭৭—১৭৮

আমাশয়ের দক্ষিণ হইতে যে কুণ্ডলীকৃতা নাড়ী তাহা ক্ষুদ্রান্ত্র (Small-intestine);—এই ক্ষুদ্রান্ত্র তিন ভাগে বিভক্ত। প্রথমা গ্রহণী, দ্বিতীয়া প্রকর্ষণী, তৃতীয় নির্হরণী। এই তিনটী ভুক্তান্নের পরিপাকের সহিত পক্কাবশিষ্টের মলাশয়ে লইয়া যাইবার পথ। আর আমাশয়ের উত্তরে বা পরে যে নাড়ী তাহা অগ্নিময়ী—ইহা অন্নরস-গ্রহণে সমর্থা বলিয়া, ইহার নাম গ্রহণী। আমরস প্রকর্ষণের জন্য, প্রকর্ষণী নাড়ী, আর ব্যর্থরসের ত্যাগের জন্য—ব্যর্থ মলের বিসর্জনের পথে প্রেরণার জন্য, নির্হরণী নাড়ী।* ১৭৯-১৮১

তাহার পর পক্কাশয় (Large Intestine) ইহা পক্কান্ন ধারণ করিয়া থাকে। স্থূলান্ত্রের নিম্নে যে নাড়ী তাহার নাম গুদ (Rectum);—ইহা পক্কাশয়-পরিত্যক্ত মলের নিঃসারণ করিয়া থাকে। মলাশয়ের প্রথম ভাগে প্রবাহণী নাড়ী, দ্বিতীয় ভাগে বিসর্জনী নাড়ী, তৃতীয়ভাগে সংবরণী নাড়ী। প্রবাহণী নাড়ী পক্কমল প্রবাহিত করে, যাহা সেই প্রবাহণী প্রবাহিত পক্কমলের বিসর্জ্জনের সহায়তা করে, তাহা বিসর্জনী; সেই বিসর্জন-

---

* পাশ্চাত্য পণ্ডিতগণ, ক্ষুদ্রান্ত্রকে (Small intestine) তিন ভাগে বিভক্ত করিয়াছেন;—প্রথম ভাগ (Duodenum) দ্বিতীয় ভাগ (Jejunum) তৃতীয় ভাগ (Ileum) ইহাদিগের মধ্যে Duodenumএ যকৃতের নিঃসৃতপিত্তরস মিলিত হইয়া পরিপাকের সহায়তা করে;—Jejunum পক্কাংশের প্রবাহণ করে, কিন্তু প্রায়ই শূন্য থাকে। Ileum বৃহদন্ত্রে বা মলভাণ্ডে পক্কমল প্রেরণ করে। এতদ্ব্যতীত ক্ষুদ্রান্ত্র ও স্থূলান্ত্রের মধ্যে ক্ষুদ্রান্ত্রের অবশিষ্টাংশে (Cæcum & Appendix) আছে—ইহার Cæcumটী ক্ষুদ্রান্ত্র হইতে বৃহদন্ত্রে যাইবার দ্বার। Appendixএর ক্রিয়া অদ্যাপি শারীরতত্ত্ববিদ্‌গণের অজ্ঞাত।

চেষ্টারই সংবরণ করিতে যাহা সমর্থ, তাহা সংবরণী নাড়ী। তাহার পর গুদমুখ (anus)*। ১৮৩।১৮৪

মুখে গৃহীত অন্ন দন্তদ্বারা চর্বিত, মুখলালাদ্বারা আকীর্ণ, পিণ্ডিত, পরে অন্ননাড়ীগত, স্ববৃত্তি-পেশী-চালিত হইয়া, আমাশয়ে উপনীত হয়; এই আমাশয় হইতে একপ্রকার অম্লরস নিঃসৃত হইয়া, ভুক্তান্নে মিশ্রিত হয়; পরে তাহা ঘূর্ণিত হইতে হইতে কথঞ্চিৎ জীর্ণ হইয়া থাকে। সেই অসম্যগ্ জীর্ণ পিণ্ডিত অন্ন ক্ষুদ্রান্ত্রে প্রবেশ করে; তথায় আন্ত্রিক রস যকৃন্নিঃসৃত রস সহ মিশ্রিত হইবার পর জরণের জন্য প্লীহরস ও ক্লোমরস তাহাতে সহকারী হইয়া মিশ্রিত হয়। পরে গ্রহণীস্থ তীব্র বহ্নিদ্বারা তাহা ক্রমে জীর্ণ হইতে থাকে। ১৮৬-১৮৮

আমাশয়িক রস তীব্র অম্ল, যকৃৎ-রস তিক্ত, মুখলালা, অন্ত্ররস (গ্রহণী সংবরণী নাড়ীর রস) প্লীহ-রস, ক্লোমরস—এই পঞ্চক্ষার-রস পরিপাক-প্রক্রিয়ার সহায়। ১৮৯

অন্ত্র-পক্বাশয়-পক্ব অন্নজ রস শ্বেতবর্ণ এবং অরক্ত। পরে তাহা বৃক্কদ্বয়-দ্বারা শোধিত যকৃতে যাইয়া, পিত্তদ্বারা রঞ্জিত হইলে—পীতাভ রক্ত হইলে স্রোতঃসমূহ তাহা হৃদালয়ে প্রেরণ করে। ১৯০

আমাশয়স্থিত ও অন্ত্রগত কলা-অস্থি-সংযুক্ত ধমনীসমূহদ্বারা রস গৃহীত হয়; এই গৃহীত রসই রক্তবৃদ্ধির কারণ। এই অন্নরস গৃহীত হইলে পর, অবশিষ্ট যে কিট্ট থাকে, তাহাই মল। সেই মল স্থূলান্ত্রে প্রবেশ করে, এবং গুদদ্বারা তাহা সময়ে নিঃসৃত হয়। ১৯১-১৯২

রক্তের বিশুদ্ধির জন্য বৃক্কদ্বয় দ্বারা রক্তের হীনরস পৃথক্কৃত হইলে,

---

* পাশ্চাত্য পণ্ডিতগণ বৃহদন্ত্রের সংস্থানানুসারে প্রথমভাগকে (Ascending colon) দ্বিতীয় ভাগকে (Transverse colon) তৃতীয় ভাগকে (Descending colon) নামে নির্দেশ করিয়াছেন।

তাহা মূত্রাশয়-সংলগ্নস্রোতোদ্বয় আশ্রয় করে। পরে মূত্রাশয়ে সঞ্চিত হইলে, কালে মূত্রমার্গ হইতে বহির্গত হয়। ১৬৪

বৃক্ক Kidney. মূত্রনালী Urater.

পাকনাড়ীর পশ্চাতে যে মেরুদণ্ডলগ্ন কলায় সন্নদ্ধ দুইটী বৃক্ক আছে। তাহার প্রত্যেকটী হইতে মূত্রাশয় পর্য্যন্ত দুইটী মূত্রনালী সন্নদ্ধ আছে।

বস্তি Bladder. মূত্রবাহিণী Urethra.

বস্তি বা মূত্রাশয় হইতে শিশ্নমধ্যস্থ রন্ধ্রপথে মূত্রবাহিণী নালী আছে।—এই কয়েকটী দেহীর দেহে মূত্রযন্ত্র। ১৬৫

বৃক্ক-সম্বদ্ধ স্রোতঃসমূহদ্বারা রস রক্ত গৃহীত হয়; পরে তাহা বৃক্কে পরিভ্রমণ করিতে করিতে বিশুদ্ধ হইয়া যায়।

ফুপ্ফুস বৃক্ক চর্ম—ইহারা শোণিত শোধন করে। রক্তের বৃক্কাকৃষ্ট যে রস—তাহাই মূত্র, তাহা অল্পে অল্পে মূত্রনাড়ীতে প্রবেশ করে। মূত্রাশয়-যন্ত্রটী কলা-পেশী-নির্মিত, বস্তি দ্বারা বেষ্টিত, শিশ্নাস্থির পশ্চাদ্ভাগে গুদের সম্মুখভাগে অবস্থিত। ইহা নাভিতে একটী রজ্জুদ্বারা আবদ্ধ ও অপর কতকগুলি রজ্জুদ্বারা দৃঢ়ভাবে রক্ষিত। স্ত্রীলোকের মূত্রাশয় গুদের সম্মুখবর্ত্তী যোনির ও ধরার সম্মুখে অবস্থিত।—ইহাই কেবল বিশেষ।

মূত্রাশয়ের নিম্নস্থ রন্ধ্র সঙ্কুচিত থাকে। তাহার সহিত শিশ্নমধ্যস্থ রন্ধ্রের সংযোগ আছে। মূত্রাশয়ে যখন মূত্র অত্যন্ত সঞ্চিত থাকে, তখন মূত্রাশয়-রন্ধ্রের প্রসার হওয়ায়, সুখে বেগের সহিত শিশ্নরন্ধ্র-(Urethra.) পথে বহির্গত হয়। ১৯৩—২০০

মানবদেহে—অধমাঙ্গে—জত্রুর নিম্নে যে সকল যন্ত্র বা অঙ্গ আছে, উত্তমাঙ্গে সূক্ষ্মভাবে সেই সকল যন্ত্রের বা অঙ্গের শক্তিপরিচালনক্ষম অঙ্গ বর্ত্তমান আছে। ২১০

ভ্রূণাণ্ড সংস্থান।

মাতার উদরে অবস্থানকালে অণ্ডযুগ্ম ভ্রূণের উদরগহ্বরের বেষ্টন-পটে সংলগ্ন থাকে; পরে মাতৃগর্ভ হইতে ভূমিষ্ঠ হইবার পূর্বে যেরূপ হৃদ্দ্বারের উন্মোচন হয়, ইহাও তদ্রূপ ভূমিষ্ঠ হইবার পূর্বে ক্রমে নামিয়া, কোষাশ্রিত হয়। ২০২

জননবিধান।

যে মানবের দর্শনমাত্র নারী মুগ্ধা হয়, যে পুরুষের আলিঙ্গনে নারী হৃষ্টা হয়, যাহার (স্ত্রীর) আলিঙ্গনে পুরুষের সুখ জন্মে, প্রেমে পুরুষ প্রীত হয়,—এতদ্বিধিবশে স্ত্রী প্রিয়ালাপনে গৃহে শান্তিবিতরণ করে, পুরুষ স্বস্ত্রীতে রতিবশে সুখানুভব করে, তৎকালে স্ত্রী সন্তান প্রসব করে;—এইরূপ পারস্পরিকী প্রীতির বশে উভয়ে অমৃত ভোগ করে। দম্পতি যখন স্বেচ্ছানুবর্তী হইয়া পরস্পরের স্মরণে অনন্যচিত্ত, হর্ষবশে কথোপকথনপর, পারস্পরিক গুণকথনে মুগ্ধ, নিভৃতবিহারে যথাবিধি আলিঙ্গনপর, সহর্ষে প্রত্যেকে প্রত্যেকের দর্শনরত, সাত্ত্বিকভাববশে উভয়ে নিধুবনব্যাপারে সতত হৃষ্ট, সত্ত্ব-সৃষ্টি-পক্ষে—সন্তান-প্রসব-বিষয়ে এই দম্পতীই কারণ। ২০৩।২০৪

ইন্দ্রিয়ই প্রজাপ্রসারের প্রতি কারণ। আর তাই সুখপ্রাপ্তিকামনায় নরনারী ইন্দ্রিয়ের সেবা করে। ইহাতে সন্তান-বৃদ্ধি-হেতুক বংশ বিস্তৃত হয়; জননেন্দ্রিয়ই সন্তান-হেতু বলিয়া সর্ববাদিসম্মত। ২০৫

মনুষ্যগণের মধ্যে গত জীবের জগতে আগতি (পুনরাবৃত্তি) কাম ও ভাব (উৎপত্তি) এবং জন্মাদ্যুক্ত কারণ—এই সকলের বিচারপূর্বক সন্দেহের নিরাশ করিয়া, বুধগণ দেখিবেন—অনন্তশক্তি পরমপিতা পরমেশ্বর স্বীয় বিশ্বরচনার সুকৌশল ইহ জগতে প্রকটিত করিয়া রাখিয়াছেন। ২০৬

পুরুষে যেরূপ শিশ্ন আছে, স্ত্রীতে সেইরূপ যোনি ইন্দ্রিয় আছে।

লতা-দ্রুমসমূহে পুষ্পভেদে এই যোনি-লিঙ্গরূপে স্ত্রীত্ব ও পুংস্ত্ব ভেদরূপ শুভ সুবিধি বিধাতার বিধানে বিহিত হইয়াছে। ২০৭

যে স্থানে উপস্থের অস্থিযুগল (Pubic Bone) উপাস্থিদ্বারা (Symphysis pubis) যুক্ত হয়, তাহার নিম্নে কিছু পশ্চাৎ গুদাসন পর্য্যন্ত বিস্তৃত যে ক্ষেত্র তাহাকে বুধগণ মেঢ্রক্ষেত্র বলেন—ইহা উন্নত গ্রন্থিবৎ পাণ্ডুবর্ণ দৃঢ়-সংস্থিত মূত্রাশয় ও মূত্রস্রোতকে সুবেষ্টন করিয়া অবস্থিত। ইহার উপর দুইটী কলায়ের ন্যায় গুটিকা—কলায়িকা (prostate gland) আছে। ইহা আয়ুর্হানির সহিত ক্ষয় প্রাপ্ত হয়। *২০৮।২০৯

মেঢ্রভূমিতে শিশ্নাস্থির নিকটবর্ত্তী সচেতন শিশ্ন (ধ্বজ) সুদৃঢ়গাত হইতে দেখা যায়। এই শিশ্ন হর্ষোদয়ে স্বতই সুদৃঢ় ও দীর্ঘ হয়; ইহাই শৃঙ্গারের প্রধান সাধন। ২১০

গুদ হইতে মূত্রাশয়ের ব্যবধানভাগে বীজধর ফল-বীজ-কোষদ্বয়, বিরাজিত; নিধুবনে বীজ শুক্রমার্গ অবলম্বন করিয়া, অণ্ডে আসিয়া শিশ্ন-রন্ধ্রপথে বহির্গত হয়। ২১১

চিরজীবনাভিলাষী উপযুক্তা নারীর রমণে সংযতমনাঃ হইয়া, ব্যবায়-বিধিতে নারীর গর্ভে অপত্য-জনন-কারণ শুক্রের ত্যাগ করে; সেই শুক্র রজোযুক্ত গর্ভে প্রবেশ করিয়া, ভ্রূণের জন্ম দিতে বা উৎপত্তি করিতে সমর্থ হয়। এই গর্ভ-জননপক্ষে পুরুষের বীজই একমাত্র কারণ। ২১২

স্ত্রীতে পুরুষের ন্যায় ভগভূমিভাগে উপাস্থিকাস্থির সম্মুখভাগে ত্বক্-বসান্বিত ভগমণি কোমল বৃত্তাকার চৈতন্যময় উচ্চ স্পষ্ট দেখা যায়। তাহা যৌবনকালে তনুলোমযুক্ত হয়। ২১৩

যোনিতে ভগমণির সহিত অন্বিত ভগবিবরে চর্ম্মবেষ্টযুক্ত স্থূল ভগোষ্ঠ-

---

* পাশ্চাত্য পণ্ডিতগণের মতে মূত্রবাহিনী নাড়ী (Urethra) ও কোষযুগল হইতে বীর্য্যবাহি-স্রোতঃ (Vas-deferens) সংযোগ-স্থানে (Prostate Gland)এর সংস্থান।

দ্বয় (Labia Majora) আছে। যৌবন-ভোগকালে তাহাও তনুলোপযুক্ত হয়। তাহার অন্তর্ভাগ কলাযুক্ত স্নায়ুবেষ্টিত দেখা গিয়া থাকে। ২১৪

স্ত্রীর ভগমুখে ঊর্দ্ধসন্ধিতে পুরুষের শিশ্নের ন্যায় যে, দীর্ঘ সচেতন অঙ্গ দেখিতে পাওয়া যায়, তাহা, ভগলিঙ্গ (clitoris)। ভগলিঙ্গের উভয় দিকে তাহার উর্দ্ধে নিম্ন কমনীয় কলাযুক্ত পক্ষসদৃশ দুইটী ভগপক্ষ (Labia Minora) ব্যাপ্ত আছে। ২১৫

কৌমর-কালে ভগদেশমধ্যে যে রন্ধ্র আছে, তাহা যোনির অধোভাগে; তাহা অর্দ্ধ-চন্দ্র-সদৃশ (Hymen) কলাদ্বারা আবৃত। কালে অপসৃত হয়। এই যোনিরন্ধ্রে উভয় দিকে দুইটী কলায়িকা আছে। ২১৬

স্ত্রীর বস্তি ও গর্ভে কলারচিতা সুকোমলা নাড়ী আছে; যোনি গুদের সম্মুখে অপরতঃ মূত্রাশয়ের পশ্চাতে অবস্থিত। আর ভগোষ্ঠ হইতে একটী আবর্তিনী সরণী (Os Uteri externus) গর্ভাশয় পর্যন্ত বিস্তৃত হইয়া গিয়াছে। ২১৭

মূত্ররন্ধ্রের নিম্নদেশে যোনিমুখ অবস্থিত, এক যোনিমুখ হইতেই প্রসবের (গর্ভ-জননের) জন্য রজোনিঃসার হয়। ২১৮

মূত্রাশয় এবং গুদের মধ্যস্থলে ধরা জরায়ু বা গর্ভকেতন (uterus) অবস্থিত। জরায়ুর দুই পার্শ্বে দুইটী ডিম্বকোষ (ovary) আছে। আর দুইটী কার্ষিকা নাড়ী (Fallopian tube) রজঃপ্রকর্ষণের জন্য বিদ্যমানা। ২১৯

এক একটী ডিম্ব-কোষ হইতে নিঃসৃত ডিম্ব (ovum) কর্ষিকা (Fallopian tube) দ্বারা আকৃষ্ট হইয়া গর্ভ-মন্দিরে নীত হয়; সেই ডিম্ব-ধৃত রজঃসক্ত গর্ভ পুং-সঙ্গম-হেতুক গর্ভ-জননের একটী কারণ হইয়াথাকে। ২২০।

পুরুষের বক্ষস্থলে যেমন দুইটী স্তন আছে, স্ত্রীর কৌমারে সেইরূপ স্তনদ্বয় আছে, দেখা যায়। পরে যৌবনকালে তাঁহা স্বতই পীন মনোহর কোমল মোহন হইয়া থাকে। ২২১

স্তনদ্বয় বক্ষস্তলে পশু কার তৃতীয় হইতে ষষ্ঠ পর্য্যন্ত বক্ষ হইতে কক্ষ পর্য্যন্ত বিস্তৃত অর্ধবৃত্তাকৃতি দেখা গিয়া থাকে। ২২২।

অন্তর্বত্নীর সেই স্তনদ্বয় বৃহত্তম ও দুগ্ধস্রাবী হয়। প্রসূতির সন্তান-প্রসবের পর শিশুকে স্তন্যপায়নের জন্য লম্বমান হইয়া থাকে। ২২৩

চুচুক বা স্তনবৃন্ত দুগ্ধনাড়ীযুক্ত।* ২২৪

উপস্থ হইতে মলদ্বার পর্য্যন্ত স্থান মূলাধার। রমণেচ্ছায় অন্যান্য অঙ্গের সহিত এই মূলাধারেরও হর্ষ উপস্থিত হয়। ২২৫

যখন নারী প্রকৃতির নিয়োগবশে কৌমার্য্যের অতিক্রম করিয়া, তারুণ্যের ভজনা করে, তখন তাহার শরীরের মনোভাবের ভাবান্তর ঘটে। যোনি বৃদ্ধি পায়, তাহাতে লোমাবলীর উদ্গম হয়, স্তনদ্বয় পীন হয়, তরল স্বচ্ছ শশরক্তবৎ রজঃ রজঃকোষ হইতে জরায়ু-পথে বহির্গত হয়। স্ত্রীর দ্বাদশবর্ষ বয়ঃকাল হইতে পঞ্চাশত্তম বয়ঃকাল পর্যন্ত সুরক্ত রজঃ মাসে মাসে নিঃসৃত হয়। অদুষ্ট রজঃ সুরক্ত হইয়া থাকে। (রক্ত লবণবহুল, রজঃ ক্ষারবহুল।) সেই রজঃ ৩ দিন ৪ দিন ৫ দিনও প্রবাহিত থাকে। ২২৬।২২৭

সরোবরে পদ্মিনী সূর্য্যদেব-প্রণয়ে যেমন সুখে বিকাশিত হয়, পুংস্কামা রমণী রজঃপ্রসারণে প্রেমবশে তেমনই আমোদিনী হইয়া থাকে। সেই স্ত্রী প্রকৃতির অব্যাহতবিধিতে শুদ্ধরজঃনিসার করিতে থাকে; তৎকালে পুরুষ সন্তানোৎপাদনের জন্য তাহাতে বীজবপন (শুক্রাস্থাপন) করিলে, তাহাতে ফল ফলিয়া থাকে। ২২৮

সুস্থা বিহিতবিশ্রামগতযোনিকা নারীদিগের লব্ধবিশ্রান্তযোনিতে সুস্থ ব্যক্তি সঙ্গম করিলে, সুসন্তানোৎপাদনে সমর্থ হইতে পারে। ২২৯

স্ত্রীকে সুস্থা সুখিনী প্রহর্ষকুশলা সম্যগ্রমণেচ্ছামতী কামার্তা পুরুষ-

---

* পাশ্চাত্য পণ্ডিতগণ বলেন, চুচুকের দুগ্ধ-নাড়ী (Mammary Gland) দুগ্ধ প্রস্তুত করিয়া তাহার নিঃসারণ করে।

সঙ্গপ্রার্থিনী বুঝিয়া, তাহার স্তনযুগল প্রস্ফুটিতবৎ এবং ভগশ্রোণি হৃষ্ট দেখিয়া, সুস্থ প্রহৃষ্ট ব্যবায়কুশল পুরুষ পুত্রকামী হইয়া তাহাতে রমণ করিবে; তাহাতে সেই স্ত্রীর উদরে নিরাতঙ্ক ভ্রূণ জন্মাইতে পারে। মানব নিধুবনে নিয়ত কান্তার হিত দর্শন করিবে। দুঃখার্ত্তা রোগ-পীড়িতা, অসম্মতা, আর্তবহীনা, নষ্টকামা, অবনতা, শোকার্তা, অতক্ষিতা, চিত্তসুখহীনা, রুগ্না অজাতচেষ্টা, অন্যবিধ-বেগবিক্লতা দেখিলে, কখন সুবুদ্ধি ব্যক্তি তাহাতে উপগত হইবে না। ২৩০।২৩১

বর্ষাকালে যথাবিধি জলসিক্ত ক্ষেত্রে সুকালে বীজ উপ্ত হইলে, যেমন প্রকৃতির শুভকর গুণে সুফল ফলে, তেমনই বুদ্ধিমান্ পুরুষ যোগ্যা রমণীতে বিহিত সুরতচর্যা করিলে, স্ত্রীতে আত্মপ্রসারে অপত্য উৎপাদন করিতে সমর্থ হয়। ২৩২

যথাসময়ে রজোযুক্ত যোনিতে শুক্র (Semen) ন্যস্ত হইলে, তাহা রজোযুক্ত হইয়া, বায়ুদ্বারা চালিত, ডিম্বাভিমুখে ও পরে জরায়ুতে প্রবিষ্ট হয়। *২০৩

তাহা একীভূত হইয়া জরায়ুর আশ্রয়ে বিন্দুরূপে প্রতিষ্ঠিত হয়; তথায় বিন্দু কলাবৃত নিত্য নিরন্তর বর্ধমান হইতে থাকে। ২৪৪

প্রথমতঃ গর্ভে ভ্রূণ তরল বিন্দুসন্নিভ অবস্থায় শায়িত থাকে। তাহার পর পক্ষত্রয় অতীত হইলে, দ্বিদল সদৃশ ভিন্ন হয়। ২৩৫

দ্বিতীয় মাসে তাহা পচ্যমান হইয়া ঘনও বর্ধমান হয়। তখন মুদিতাক্ষ মুখাকারযুক্ত মহাভূত-সংযুক্ত হয়। ২৩৬

---

* পাশ্চাত্য পণ্ডিতগণ বলেন,—রজোযুক্ত জরায়ুমধ্যে শুক্রপ্রবেশ করিলে, শুক্রসহ রজঃ-সংযোগে শুক্রকীট (Spermatozoa) ও ডিম্ব (ovum) উভয়ে মিলিত হইলে, গর্ভ-সঞ্চার হয়; কোন কীটের বল অধিক হইলে, অপর কীটের বিনাশে গর্ভ হইতে পারে না। আবার সময় সময় শুক্রকীট কর্ণিকাযোগে জঠরে প্রবেশ করিয়া, ডিম্বসহ অস্থানিক গর্ভোৎপাদন করে।

তৃতীয় মাসে পাদদ্বয়, করদ্বয় ও শিরঃ এই পঞ্চ পিণ্ডাকার হয়। ২৩৭

চতুর্থ মাসে সর্বাঙ্গ ব্যক্ত-চৈতন্য হয়। অমরা দ্বিতীয় হৃদয়রূপে কর্ম করে,—এই সময় গর্ভিণী দ্বিহৃদিনী হয়। ২৩৮।

পঞ্চম মাসে মনের জন্ম-চৈতন্যের বিকাশ হয়। ২৩৯

ষষ্ঠ মাসে সমগ্র অঙ্গের সংযোগ পুষ্টি ও কেশোৎপত্তি হয়। তখন বুদ্ধির জন্ম হয়, ও সর্বাঙ্গ কাঁপিতে থাকে। ২৪০

সপ্তম মাসে তাহার সর্বাঙ্গের বিকাশ দেখা যায়। ২৪১

অষ্টমমাসে ভ্রূণে ওজঃসঞ্চার হয়, গর্ভ তির্য্যগ্‌ভাবে অবস্থান করে। ২৪২

নবমমাসে অধঃশিরা ঊর্দ্ধপাদ হইয়া পূর্ণকলেবরে বিরাজ করে। ২৪৩

সার্দ্ধদ্বিশত দিনের পর ২৮০ হইতে হইতে এক মাস কাল মধ্যে প্রসবের কাল বলিয়া জানিবে ;—এই প্রসব-কালের চরমমান ৩১০ দিন্। ২৪৪

ভ্রূণের রক্ত-পরিক্রমণ শ্বাসপ্রশ্বাসাদি ক্রিয়া, গর্ভিণী প্রসূতির শ্বাসাদির সহিত অমরা (Placenta) সাহায্যে নির্বাহিত হয়। হৃদয় ও ফুপ্‌ফুসের কর্ম অমরা দ্বারা সম্পাদিত হইয়া থাকে। ২৪৫

সঞ্জাতগর্ভা স্ত্রীর স্তনদ্বয় পীন ও দুগ্ধসম্পন্ন, প্রাতঃকাল বমন, হৃদয়োৎক্লেশ, অন্যদা লালাস্রাব হয়। ২৪৬

গুল্মের অভাব থাকিলেও, উদরস্ফীতি, আলস্য, শয়ন, অশক্ততা, যোনির বিবর্ণতা ও মূত্রের ভাবান্তর ঘটে। ২৪৭

মৃত্তক্ষণে অন্নাশনে ইচ্ছা, একটী দোহদ ভোগের পরেই অপর দোহদের আকাঙ্ক্ষা, নিত্য স্পন্দন, অরতি—এই সমস্ত গর্ভলক্ষণ। ২৪৮

আসন্নপ্রসবার হৃদয়বন্ধন মোচন, জঘন সশূল, কটী পার্শ্বে ব্যথা কুক্ষিতে ব্যথা-বোধ ও শিথিলতা, স্বভাবতই হইয়া থাকে। ২৪৯

গুর্বিণীর মলমূত্রের মুহুর্মুহুঃ প্রবৃত্তি হইতে দেখা যায়। ২৫০

ইতি শারীর-বিজ্ঞানীয় নাম দ্বিতীয় অধ্যায়।

—০—

সাত্ম্যরক্ষণীয়-নামক তৃতীয় অধ্যায়।

জগৎসবিতা সূর্য এই জগতি তলে এক অবিক্রীয় ব্রহ্মরূপে বিশ্বপ্রকাশ করেন, আবার নিখিল জনগণের হিতবিধাতা হইয়া বিষ্ণুরূপে—আত্মরূপে—ভাসমান হন, অপরতঃ তিনিই নিখিলভুবনের প্রলয়কর্তা শিবেশ শম্ভুরূপে প্রকাশমান,—ফলতঃ এক তিনিই ভবজনের—সৃষ্টি-স্থিতি-সংহার-ব্যাপারে—জন্ম নীরোগ শান্তি প্রদান করেন। "আরোগ্যং ভাস্করাদিচ্ছেদিতি" বচনানুসারে সূর্যকে আরোগ্যের কারণ বলিয়া আপ্ত ঋষিরা যে নির্দেশ করিয়াছেন, তাহা অধুনাতন পাশ্চাত্য শারীরতত্ত্ববিৎ চিকিৎসক পণ্ডিতগণেরও সম্মত। ১

এক্ষণে প্রাতঃকালে সূর্য-প্রসূতা সঞ্জীবনী সুধায় মানবগণ নবজীবন পাইলে, তাহাদের কি কি কর্তব্য, তাহার নির্ধারণহেতুক কথিত হইতেছে—ধাবন—হস্তমুখগুহ্যপদাদির প্রক্ষালন, নাবন—শিরোলাঘবজন্য নস্যগ্রহণ, স্নান—হিতকর জলে অবগাহন, গাত্রপ্রক্ষালনদ্বারা দেহের শান্তিসংরক্ষণ, তর্পণ—ভক্ষণে ক্ষুধাপসারণ বা তৃপ্ত্যাধান, উপবেশন,—আহারান্তে রাজাসন-গ্রহণাদি, ভ্রমণ—প্রাতঃকালে ও দিনান্তে অব্যাহত মৃদুসঞ্চারী বায়ুসেবন, ইষ্টচিন্তা—সন্ধিকালে স্থিরভাবে বিশ্বেশ্বরের চিন্তা, সন্ধ্যাবসানে দ্বিতীয় যামে শয়ন, শক্তি-ধারণ,—শুক্রের অব্যয়ত্ব-সাধন,—এবং প্রত্যূষে গাত্রোত্থান—এই সমস্তই মানবের শ্রেষ্ঠ মঙ্গলকর। ২

মানব প্রত্যূষকালে জাগরিত হইয়া, "আমি ব্রহ্ম" এইরূপ চিন্তা করিয়া, আনন্দে পাপপ্রত্যাহার করিবে; পরে আরোগ্য-কামনা করিয়া মলত্যাগ করিবে।—প্রশান্ত হইয়া, এইরূপ প্রাতঃকৃত্যের আচরণ করিলে, মানব দীর্ঘায়ুঃ লাভ করিতে পারে। ৩

পরে মানব পবিত্র বস্ত্র পরিধান করিয়া, হৃষ্ট হইবে। পুত বস্ত্র পরিধান করিলে, পুরুষ সৎকর্ম্মাচার দ্বারা পবিত্রমনাঃ হইতে পারে। সেই পবিত্র-

চিত্ত ব্যক্তি পবিত্রভাবে দিন যাপন করিতে পারে। আবার মনুষ্য যেমন নির্মল মন্দিরের সংস্থান আকাঙ্ক্ষা করে, আত্মা সেইরূপ অমলদেহরূপ গেহ পাইবার আকাঙ্ক্ষা করে। ৪

যে মানবের দেহে কোনরূপ বেগের উদ্রেক হইয়াছে, তিনি সেই বেগের রোধ করিয়া, অন্য কোন কর্ম করিবেন না ;—উদীর্ণ বেগের রোধ করিবেন না, এবং অজাতবেগের উদীরণ (অবতারণার চেষ্টা) করিবেন না। তবে কামনাদিপ্রভব মনের যে বেগ, তাহার জ্ঞানাদিদ্বারা বিধারণ একান্ত শ্রেয়স্কর। ৫

অঙ্গশুচির প্রকল্পনাহেতুক হস্ত-পদ-গুদাদির প্রক্ষালনদ্বারা শুচিত্বসাধন করিবেন।—এইরূপ ইন্দ্রিয়-প্রক্ষালন সুখের আকর, চক্ষুর হিতকর, জ্যোতির্বর্ধন, রজোহর, বৃষ্য, শ্রমহর ও মলহর। ৬

প্রাতঃকৃত্যের মধ্যে ব্যায়াম যুবকদিগের একটী প্রধান সাধ্য। হিতায়ুঃ ব্যক্তি শ্রমজনন সুখকর ব্যায়াম করিবে। ব্যায়াম অপরিমিত বা অতিরিক্ত করা নিষিদ্ধ ;—যতটুকু ব্যায়ামসাধনে ক্লান্তি আসে, তাহার অর্ধপরিমিত ব্যায়াম প্রশস্ত। ইচ্ছার অতিক্রম করিয়া ব্যায়াম করিবে না। পরিমিত ব্যায়াম শারীর দোষের ক্ষয় করে, শরীরের বৃদ্ধিসাধন করে, কান্তিবৃদ্ধি করে, অগ্নির উদ্দীপনা করে। ব্যায়াম সুবলী সুখাশী প্রাণিগণের সুখশান্তির বিধান করিয়া থাকে। ৭

অনন্তর প্রথমেই কটুতৈলের নস্যগ্রহণ করিবে। পরে সার্ষপতৈল দ্বারা শরীরে যথাসম্ভব অভ্যঙ্গ করিবে। তদনন্তর সুশীতল জলে নিয়মিত স্নান করিবে।—এইরূপ স্নান চিত্তপ্রসাদবর্ধক, আয়ুষ্কর, আনন্দজনক। ৮

শিরঃকেশে শনৈঃ শনৈঃ তৈলমর্দন করিয়া, পাদ (চিরুণী) দ্বারা শনৈঃ শনৈঃ কর্ষণ করিতে থাকিবে। মৃদুভাবে শিরঃকর্ষণ দ্বারা কেশভূমি নির্মল হইলে, ইচ্ছামত শীতজলে অবগাহন করা উচিত। ৯

প্রবৃত্তিপ্রজাত লালসারূপ ভুজঙ্গ সুখলিপ্সা দেখাইয়া, জীবদিগকে গ্রাস

করে ;—মানবশরীরে সেই সুখলিপ্সা চারিটী দেখা যায়,—যথা—বুভুক্ষা, পিপাসা, সুষুপ্সা, রিরংসা। ১৯

বুভুক্ষা যখন শরীর আক্রমণ করে, তখন মানবের উচিত—ইচ্ছামত বলকর খাদ্য ভক্ষণ করা। মানবের যথাকালে নিত্য মিতাশী হওয়া উচিত—অর্থাৎ এক সময়ে পরিমিত আহার করা কর্তব্য। খাদ্যের ভক্ষণে মাত্রা অগ্নিবলের অনুসারিণী হইবে। ১১

মানব আহারগ্রহণে ক্ষুধার অপনয়ন করিবে, পরে রাজাসনে উপবেশন করিয়া, সাধুকর্মচিন্তাপরায়ণ হইবে। কিয়ৎকাল মিত্রগণের সহিত পরিমিত সদালাপ করিয়া, পরে কর্মক্ষেত্রে সুনীতিসঙ্গত কর্ম করিতে ব্রতী হইবে। ১২

দেহে যখন পিপাসা অধিকার লাভ করে, দেহী মানব তখন পবিত্র বারি পান করিবে। শীতল জল অত্যন্ত রুচিকর, স্বাদু, তৃপ্তিজনক, স্নিগ্ধ, তৃষ্ণাপ্রশমক ও শ্রমহর। ১৩

প্রাতঃকালে ও প্রদোষকালে বনভূমি ভাগে কিংবা নদীতীরে বিমুক্ত প্রদেশে মানব ভ্রমণ করিতে করিতে ভগবান্ ভবেশ শঙ্করের চিন্তায়—তাঁহার প্রাকৃতিক কীর্তি-কৌশল দেখিয়া, তাহাতে চিত্তার্পণ করিয়া, সুখে মৃদুচারী পবন সেবন করিবে। ১৪

পূর্বাহ্নে মধ্যাহ্নে ও অপরাহ্নে মনে মনে ব্রহ্মাত্ম-সম্বন্ধে বিহিতা চিন্তা করিবে। অপরতঃ নিশীথকালে—পৃথিবীর নিস্তব্ধ গম্ভীর ভাবের উদ্রেক সময়ে নিভৃতে ব্রহ্মোপাসনা কর্তব্য। এইরূপ প্রকৃতির অবলম্বনে সাধনরত হইলে, মানব নিত্য শান্তি লাভ করিতে পারে। ১৫

যেমন প্রদোষকালে প্রকৃতি দেবী অন্ধকাররূপ কৃষ্ণাম্বর পরিধান করিয়া সুস্নিগ্ধা মহতী প্রৌঢ়ার ন্যায় শোভা পাইতে থাকেন, তিনিই রাত্রিকালে সেই ভাবের বৃদ্ধিতে গম্ভীরমূর্তি হইয়া, তেমনই স্থিরা শান্তা বৃদ্ধার ন্যায় হইয়া পড়েন। ১৬

দিবারাত্রির সন্ধি-মুখদ্বয়ে পথ-পর্য্যটন, পঠন, নিদ্রা, রতি-রঙ্গ-বিনোদন, বিলাস-সুখের সাধন কিংবা তৃপ্তিকর সুখপ্রদ ভোজন করা সুজন লোকের কর্তব্য নহে। ১৭

সুখকামী লোক নিত্য যত্ন সহকারে স্বীয় ইষ্টমূর্তি ধ্যান করিয়া, রাত্রির প্রথম যামে আহার করিবে। পরে সেই সুবুদ্ধি মানব রাত্রির দ্বিতীয় যামে সুখাসনে উপবেশন করিয়া, সুখালাপন করিবে। ১৮

পরে সেই হিতায়ুঃ ব্যক্তি যামার্ধকাল সুখালাপনে সময়াতিপাত করিয়া, দ্বিতীয়-যাম-মধ্যে নিত্য শয়ন করিবে। সুচেতাঃ নির্মায় স্থিরবুদ্ধি নিষ্কাম হইয়া, অন্ত্রে মনঃ ন্যস্ত করিয়া, নিদ্রা যাইবে। নাভিমূলে অন্ত্রমধ্যস্থ কূর্মে মনঃসংযোগে নিদ্রাই প্রশস্ত। ১৯

লোকের মানসিক কামবৃত্তি হইতে শরীরে নিয়তই শৃঙ্গারেচ্ছা জন্মাইয়া থাকে। শৃঙ্গারলিপ্সু ব্যক্তির ব্যবায়হানি হইলে—উদ্রিক্তবেগের প্রশমন না হইলে, শরীরে শূল দুষ্ট-ধাতু-ভ্রংশ-হেতুক আবিলমূত্রতা, মেদঃ-প্রবৃদ্ধি হয়। ২০

জগৎপিতা জগদীশ্বর শিব লীলাবশে যেমন শক্তি গ্রহণ করিয়া স্বীয় কল্পনাবলে বিশ্বসৃষ্টি করেন, তেমনই মানব জীব-স্রোতঃ প্রবাহিত রাখিবার জন্য—সন্তানোৎপাদন-হেতুক স্বভাবতঃ নারীকে শক্তিরূপে গ্রহণ করে। ২১

পুরুষ নারীরূপা শক্তির গ্রহণ করিয়া অপ্রজ মৈথুন বা বৃথা শুক্রত্যাগ করিবে না। শুক্রই মানবের আয়ুঃ—নরদেহের সার; এই শুক্রবিন্দুর ক্ষয় হইলে, মানবের নিশ্চিত—আয়ুঃক্ষয়—মৃত্যু হয়। ২২

মানব যখন সাত্ত্বিক-ভাবোদ্রেকে আভ্যন্তরীণ উদ্বেগ হইতে যেন কোন ক্ষরিত মদে প্রমত্ত হয়, তখন প্রসক্তিবশে প্রকৃতিতে—রমণীতে—রমণকামী হইয়া উঠে। তখন পুরুষের পক্ষে প্রসক্তা রমণীর আলিঙ্গন করা সঙ্গত—তখন তাহাতে প্রজোৎপাদনকামে সঙ্গত হওয়া উচিত। ২৩

মানবের শুক্রস্তম্ভ বা শুক্রবিসর্জন-স্পৃহার স্তম্ভন করিতে নারীই সমর্থা।

স্ত্রীসঙ্গত পুরুষ স্থিরশুক্রবিন্দু হইতে সমর্থ। বিন্দুধারণেই পুরুষ জীবিত থাকিতে পারে—দীর্ঘজীবী হইতে সমর্থ হয়;—আর সেই বিন্দুধারণ ও তাহার দৃঢ়ীকরণের সহায় রমণীই মানবগণের হিতায়ুঃ বিধান করে। ২৪

পুত্রার্থী পুরুষ পবিত্র জলে স্নান করিয়া, সুন্দর মনোহর বসন পরিধান করিবে; তাম্বুল চর্বণ ও সুগন্ধি পুষ্প গ্রহণ করিবে; পরে সুরতক্রিয়া সমাপন হইলে, ক্ষীর, শর্করা, মাংসরস, শীতল জল, স্নিগ্ধ বায়ু সেবন করিবে। অবশ্য বিরুদ্ধযোগ বর্জন করিতে হইবে। ২৫

পরে প্রত্যূষে মঙ্গলময় পরমকারুণিক পরমেশ্বরের স্মরণ করিয়া শয্যা হইতে গাত্রোত্থান করিবে। তৎপরে বিহিত প্রাতঃকৃত্য সম্পাদন করিবে। তদনন্তর আত্মপ্রীতিজন্য, স্বীয় উপজীব্য কর্ম্মের সাধনজন্য, প্রহৃষ্টচিত্তে প্রবৃত্ত হইবে;—ইহাই নিত্যানুষ্ঠেয়। ২৬

মাকর-ক্রান্তিপাতের দিন (যে দিন হইতে উত্তরায়ণের সূত্রপাত) হইতে শিশিরাদি ঋতুর গণনা হয়; সেই শিশিরাদি ঋতুসমূহে স্বাস্থ্যরক্ষার জন্য, কি কি আচরণীয় কর্ম কর্তব্য, তাহা পরে প্রকাশিত হইতেছে। ২৭

শিশিরচর্যা—শিশিরকালে প্রকৃতিতে অতীব শৈত্য ও রৌক্ষ্য হয়;—ইহাতে কফসঞ্চয় বলবৃদ্ধি এবং পিত্তের সন্ধুক্ষণ হয়; চঞ্চল বায়ুর বৃদ্ধি হওয়ায়, (কফের) ক্রূরভাবের সম্প্রাপ্তি হয়। এই সময়ে মধুর, লবণ, ঘৃত, অন্ন এবং উষ্ণ দ্রব্যের ভক্ষণ সুখজনক ও হিতকর। ২৮

কৌষেয় (তসর গরদ প্রভৃতি রেশমী বস্ত্র), মৃগচর্ম, রাঙ্কব (শাল), উর্ণবস্ত্র (লোমজ বস্ত্র) প্রভৃতি দ্বারা দেহ আচ্ছাদন করিয়া মানব সূর্যতাপ বা অনল তাপ সেবন করিবে; এবং গৃহের দ্বার বাতায়ন রুদ্ধ করিয়া অবস্থান করিবে—অপরতঃ স্থূলশ্রোণী পীনপয়োধরা স্থূলোরুযৌবনবতী প্রীতিপূর্ণা শুভকরী প্রমদার আলিঙ্গনে তাহার সুখোষ্ণ অঙ্গের সংস্পর্শ-সুখে নিশি অতিবাহিত করিবে। ২৯

এই সময়ে নর গৌড়ী সুরা, প্রসন্না, (সুরামণ্ডোদ্ধৃত স্বচ্ছ মদ্য)

কদুষ্ণ সুমিষ্ট গোধূম-পিষ্ট, দুগ্ধ, নবান্ন (পিষ্টক পায়সাদি) সুখোষ্ণ জল সেবন করিবে। সুখার্থী মানব পশুমাংস মাষকলায় কুধান্য (কদোধান) ইক্ষু-রস বা তজ্জাত আসবাদি সেবন করিবে। ২০

প্রবল শীতের রাত্রিকালে সুখলাভ জন্য মানব কাম-সঞ্জীবনী সুরা জগন্মোহিনী রমণীর হস্ত হইতে গ্রহণ করিয়া পান করিবে। যাঁহার যথেষ্ট সুখ-বিলাসের উপযোগ আছে, তিনি সুখলাভেচ্ছায় স্বাদু শালী ধান্যের অন্ন ইক্ষুরস প্রভৃতি ভক্ষ্য ভক্ষণ করিবেন। ৩১

বসন্তচর্য্যা—বসন্তকালে সূর্য্যের নবভাবে তেজোবৃদ্ধি হইতে থাকে। সূর্য্যের এই নববৃদ্ধ তেজে হেমন্তকালের সঞ্চিত কফ তরল হইতে থাকে; ইহাতে সংযতাচার মানবেরও অগ্নিমান্দ্য কফ জন্য রোগ উপস্থিত হয়; এই সময়ে তাহার প্রশমনের জন্য, বমন সংশমন ঔষধ সেবন ও নস্য-গ্রহণ প্রত্যেক মানবেরই কর্ত্তব্য। সঞ্চিত কফের নিঃসার একান্ত প্রয়োজনীয়। ৩২

শারীর-তত্ত্ব-বিশারদ পণ্ডিতগণ হেমন্তের সঞ্চিত শ্লেষ্মার পরিণতিতে যে কফরোগের উদ্ভব হয়, তাহাতে স্বাস্থ্যরক্ষার জন্য, ব্যায়াম, ভ্রমণ, প্রভৃতি অঙ্গ-চালনাদ্বারা লঘুপচ রুক্ষান্নপান সেবন ও শারীর বৃদ্ধ ধাতুর ব্যয় দ্বারা পূর্ব্বোক্ত কফরোগের জয় করিবে; পুষ্পবাসিত তৈলের মর্দনসুখ অনুভব করিবার পর স্নান করিবে; পরে বিহিত গন্ধানুলেপন দ্বারা অনুলিপ্ত হইয়া হর্ষোৎফুল্লচিত্তে কর্পূর, অগুরু, কুসুম, চন্দন প্রভৃতির উপভোগ করিবে। ৩৩

মানব এই সময় গোধূম ধান্য যব প্রভৃতি হইতে জাত অন্ন, ইক্ষুরস, জাঙ্গলমাংসরস, ঘৃত এবং মাধ্বীক মদ্য এই সমস্তের ভোজন পান করিবে। সুখকাম লোক এই সময় মাধ্বীক মদ্য আম্ররসযুক্ত করিয়া পান করিবে। ৩৪

সুমধুর বসন্তকালে নর মৃদুপ্রবাহিত মলয়ানিল যথেষ্ট সেবন করিবে।

এই সময় ভ্রমরসংহতি স্ফুটনোন্মুখ আম্র-মুকুলের নিকট গমন করিয়া গুঞ্জন করিতে থাকে, কোকিলগণ নিত্য গান করিতে থাকে—ইহাতে প্রজাগণ—মানবসমূহ প্রমোদিত হয়—তাই মানব কুঞ্জ-কাননে প্রমিতকথনে প্রফুল্লমনাঃ হইয়া কালাতিপাত করিয়া থাকে। ৩৪

বসন্তের রম্য প্রদোষকালে চন্দ্রের চন্দ্রিকাজাল প্রস্ফুটিত হইলে, পুংস্কোকিলের রবে দিক্‌সমূহ আনন্দিত হয়; সেই মনোমোহন কালে মানবগণ মদ্যপানে উল্লসিতচিত্তে শৃঙ্গারসুখোপভোগ—শান্তিবিধায়ক মাক্ষিক বা ঐক্ষব প্রভৃতির সহিত মনোমত সুরাসেবন—করিবে। ৩৬

নিদাঘচর্যা—নিদাঘকালে সূর্যরশ্মি প্রচণ্ডভাবে পৃথিবীতে বিক্ষিপ্ত হয়। তাহাতে উষ্ণ—এই ধর্ম-সাম্য-হেতুক প্রকৃতি হইতেই পিত্তসঞ্চয় হয়;—শ্লেষ্মার প্রকৃষ্টরূপে শোষণ, বায়ুর প্রকৃষ্ট প্রবৃদ্ধি হয় ও দেহের স্বতই শুষ্কতা আনিতে থাকে। ৩৭

এই সময়ে মানব ব্যায়ামসাধন ও রৌদ্রসেবন ত্যাগ করিবে। কটু লবণ অম্ল রস উষ্ণ দ্রব্য ও মদ্য—এই সকলের আহার পান করিবে না। আবশ্যক হইলে, রম্য দিনান্তে মধুর-রস-যুক্ত জল-মিশ্রিত মদ্য পান করিবে। ৩৮

শরীরে হিমবীর্য তৈলের অভ্যঙ্গ করিয়া, ইচ্ছামত সুশীতল জলে স্নান করিবে; সুখকাম ব্যক্তি এই সময়ে শীতবীর্য স্নিগ্ধ স্নেহাক্ত দ্রব্য, মধু, দ্রবান্ন ও শক্তুভোজন পান করিবে। ৩৯

জাঙ্গল মাংসের সহ শালী ধান্যের অন্ন ভোজন ও পঞ্চসার, হিমপানক, পান করিবে। মানব স্বাস্থ্যরক্ষার জন্য, রাগ (শর্করা, সৈন্ধব লবণ, সচল লবণ, তিন্তিড়ী, ফলসা, জামরব, রাইসর্ষপচূর্ণ মিশ্রিত) রসালা (বস্ত্র-গালিত দধি /৪ সের, ঘৃত মধু প্রত্যেক ১ পল (৵০), শর্করা /২ সের, নাগকেশর, এলাচ, তেজপত্র, দালচিনী, প্রত্যেক ॥০ তোলা, আমলকী ॥০, শুঁঠ ॥০ তোলা ও মরিচ ২ পল) রসষাড়ব (মধুরাম্ল-সংযুক্তরস) সেবন করিবে। ৪০

সুখলিপ্সু মানব গ্রীষ্মকালে পারুলপুষ্প দ্বারা সুগন্ধীকৃত কর্পূরবাসিত শীতল জল পান করিবে। ধারালয়ে (ফোয়ারাযুক্ত গৃহে) কোমল-পত্র-বিস্তারে রচিত শয্যায় প্রখর-রবি-কর-শোষ হইতে কথঞ্চিৎ রক্ষাহেতুক—শয়ন করিবে। ৪১

মানব রাত্রিকালে সৌধ-শিরে চন্দ্রকরোজ্জ্বল মুক্তভাগে (ছাদে) সুশ্ব সূক্ষ্ম বস্ত্র পরিধান করিয়া কুসুম-হার-ধারণ-পূর্ব্বক শয়ন করিবে। রতিলিপ্সা পরিত্যাগ করিয়া, চন্দন-সিক্ত-দেহ-শোভনা রমণীর কর-কমলান্দোলিত ব্যজনের স্নিগ্ধ বায়ু সেবন করিতে করিতে শয়ন করিয়া নিদ্রা যাইবে। ৪২

বর্ষাচর্য্যা—বর্ষাকালে আকাশ মেঘজালে আবৃত ও দিগ্বিভাগ আচ্ছন্ন; সমস্ত স্রোতস্বতী নদী তরুণ-জল-সঞ্চারে পূর্ণা ও মলিনা, প্রচল পবনে শীতোদ্রেক হওয়ায়, মানব শরীরে বাতপ্রকোপ হয়; তাহাতে মানব মন্দাগ্নি হইয়া ক্ষীণতা ও দৌর্ম্মনস্য লাভ করে। ৪৩

এই সময়ে অগ্নির উদ্দীপ্তিকর ত্রিদোষের শামভাবসাধনপর, দেহের উষ্মার রক্ষার উপযোগী বিরেচন আস্থাপনাদি সংশমনী ক্রিয়া করা উচিত। বর্ষায় মানব স্বাস্থ্যলাভেচ্ছু হইয়া, শুভ্র কার্পাস-বস্ত্র, শুভ্র পুষ্প, শ্বেত-চন্দন ধারণ করিবে। অট্টালিকায় বাস করিবে, সুখকর যানবহনাদি-দ্বারা সুখে গমনাগমন করিবে। ৪৪

এই সময়ে মানব ঘৃতাক্ত পুরাতন ধান্যের অন্ন, জাঙ্গল মাংসের যূষ, আনন্দকর পুরাতন মাধ্বীক মদ্য সেবন করিবে; আরও পঞ্চকোলের সহিত সৈন্ধব লবণ ও দধিমস্ত পান করিবে। ৪৩

স্বাস্থ্যপ্রার্থী লোক স্রোতস্বিনী নদীর বা পুষ্করিণীর পরিষ্কার জল কিংবা জলময় উদমন্থ (জলমিশ্রিত ঘৃত শক্তু) পান করিবে না; এবং বলহানিকর আয়াসসাধ্য কর্ম্ম করিবে না;—অপিচ বর্ষায় দিনমানে কদাচ নিদ্রা যাইবে না। ৪৬

শরচ্চর্য্যা—বর্ষার অবসান হইলে, আকাশ হইতে মেঘসমূহ অপসৃত হইলে, নভোমণ্ডল প্রসন্ন, চন্দ্র সহাস্যনয়ন, হংস প্রহৃষ্ট, কমল প্রফুল্ল হয়; ধান্য পরিপক্ক হইয়া, শরতের সমৃদ্ধির পরিচয় প্রদান করে। ৪৭

এই সময়ে রবি স্বকীয় আসনে—সিংহ-রাশিতে গমন করায়, সামান্যতঃ ইহাতে পিত্তের প্রকোপ ঘটে; স্বাস্থ্যরক্ষণে স্থিরবুদ্ধি মানব পিত্তপ্রশমের জন্য বিরেচনাদি গ্রহণে নির্ম্মল হইয়া, তিক্তরস ও ঘৃত পান করিবে। ৪৮

পিত্তের সহিত শোণিতের সমগুণ সম্বন্ধ; যখন পিত্তপ্রকোপে শোণিতের বিকৃতি হয়, তখন লোক বিরেচন সংশমনাদি বিহিত ঔষধ সেবন ও রক্তমোক্ষণ করিবে। ৪৯

হেমন্তচর্য্যা—হেমন্তে নবহিম-সংযোগে স্বভাবতই শ্লেষ্ম-বৃদ্ধি হয়, তাহা হইতে প্রকুপিতপিত্তের স্বভাবতই অবসাদ হইয়া থাকে।—এই সময়ে যাহাতে লোকের কফ-হরণ, বলবর্ধন এবং পিত্ত-সন্ধুক্ষণ করে,—এইরূপ ঔষধ, আহার, বিহার,—মধুর, কটুরস, উষ্ণ দ্রব্য ও বৃষ্য ঘৃত সেবন করিবে। ৫০

মনুষ্য এই সময়ে পুষ্পবাসিত (ফুলেল) তৈল দ্বারা অভ্যঙ্গ করিয়া পবিত্র জলে অবগাহন করিবে। মাংস পিষ্টক অন্ন গৌড় মদ্য প্রমদার কর-কমল হইতে গ্রহণ করিয়া ভোজন করিবে। ৫১

হেমন্তের প্রদোষকালে মানব সূক্ষ্ম-বল্কল-জাত বা রেশমী বস্ত্র দ্বারা আকর্ণ মস্তক বেষ্টন এবং জঙ্ঘা হইতে পাদ পর্যন্ত বিহিত আবরণ সনদ্ধ করিয়া, সুখাবৃত-কলেবরে অবস্থান করিবে। ৫২

রাত্রিকালে পুরুষ রমণীর সহিত মাধ্বীক বা পুষ্পোদ্ভব মদ্য পিষ্টকান্ন ভোজন করিবে; পরে গুরুনিতম্বিনী পীনোন্নতপয়োধরা রমণীর আলিঙ্গনে সুখে আমোদিত হইয়া, শয়নে নিদ্রায় নিশাযাপন করিবে। ৫৩

কালে যেমন শরীরে দোষত্রয়ের সহকৃত বিহিত পরিণতি—ক্রম-দশা-

বিপরিণাম ঘটে, তাহা পূর্বে কথিত হইয়াছে। এই জগতি তলে শান্তি-লাভের জন্য, দেশ কাল প্রকৃতি বুঝিয়া, সুবুদ্ধির সহিত কর্ম করিবে। ৫৪

জীবগণের কল্যাণসাধনের জন্য, যেরূপ আপ্তোপদেশ-সঙ্গত প্রমিতাচার বিহিত—শাস্ত্রনির্দিষ্ট আছে, তাহার সঙ্কলন করিয়া, শুভকরী আচার-বৃত্তির কথনের জন্য,—সূর্যের গতি অনুসারে ঋতুসজ্ঘটন তাহার দৃষ্টি বলাবল অবলম্বন করিয়া, কালোচিত স্বাস্থ্য-রক্ষাহেতুক—শ্লোকসমূহ দ্বারা তাহা সাধুভাবে বিবৃত হইল। ৫৫

শ্রী-লাভেচ্ছায় পণ্ডিতগণ শাস্ত্র-বচন চিন্তা করিয়া, পণ্ডিতসমূহের মান্য মুনিদিগের অভিমত নির্মল সৎকৃত্যের আচরণ করিয়া, জন্ম-মরণ-রোগের হেতু হেয়, হান, হানোপায় বিষয়ে সম্যক্ পরিদর্শন ও বিচার করিয়া, জগতে কর্ম করিবেন। ৫৬

ইতি সাত্মারক্ষণীয় নাম তৃতীয় অধ্যায়।

জনপদোদ্ধরণীয়-নামক চতুর্থ অধ্যায়।

এই নিখিল চরাচর বিশ্বব্যাপিনী প্রকৃতি যখন স্বভাবতঃ আরাধিতা হন,—যথায় দেশের লোকের স্বাস্থ্যরক্ষা-বিধানের অব্যাহত প্রয়াসে প্রকৃতির ভাব অক্ষুণ্ণ থাকে, সেই দেশের জীবগণ যথেষ্ট সুখশান্তি লাভে সমর্থ হয়; প্রকৃতির প্রসাদ-গৃহে—দেশে—নিত্য শুভ সঙ্ঘটন হয়। ১

যে গৃহে প্রচণ্ড মার্ত্তণ্ডকর প্রবেশ করিয়া, গৃহের উজ্জ্বলতা বৃদ্ধি করে, সেই গৃহই লোকের সুখকর; আরোগ্যদাতা ভগবন্ ভাস্কর কৃপেক্ষণ-বিক্ষেপে মানবে সুখশান্তির বিধান করেন। ২

রুদ্ধগৃহে দুষ্টবায়ু অবরুদ্ধ থাকিতে পারে; কিন্তু মুক্ত-বাতায়ন গৃহে বায়ু বেগে বহিয়া, গৃহস্থ বিষ-বাষ্পের অপসারণ করিতে পারে;—এইজন্য বহু-বাতায়ন গৃহ মানবের নিত্য সাত্ম্য সুখ বিধান করিয়া থাকে। ৩

গৃহের জল-নির্গমের জন্য, বাটীর বাহির হইতে পারে—এইরূপ ভাবে ক্রমনিম্ন গৃহনেমির—পয়ঃপ্রণালীর প্রণয়ন করিবে—ইহাতে বাটীর চতুর্দিকের জল বাহির হইবার সুবন্দোবস্ত করা সঙ্গত। ৪

যেমন দেহস্থ স্রোতঃপথে মলনির্গমন হওয়ায়, দেহে দেহীর সুখশান্তি-লাভ হয়, তেমনই গৃহের মল নিঃসরণ হইলে, গৃহে গৃহীর সাত্ম্যসুখ লাভ হইয়া থাকে। ৫

প্রত্যেক গৃহের পয়ঃপ্রণালী যেমন গৃহের মলনিঃসার করিয়া গৃহীর সাত্ম্যসুখ বিধান করে, সেইরূপ নদী দেশের প্রকৃষ্ট পয়ঃপ্রণালী,—দেশের লোকের শান্তি বিধান করে;—এই জন্য দেশের স্বাভাবিকী পয়ঃপ্রণালী—নদীর প্রবাহ রোধ করিতে নাই। নদীর প্রবাহ রুদ্ধ হইলে, দেশের লোকের স্বাস্থ্যহানি হইবে সুনিশ্চিতই। ৬

মানবাদি জীবগণ শ্বাস-যোগে বায়ু হইতে অমৃতবাত (Oxygen) গ্রহণ করিয়া, নিঃশ্বাসত্যাগের সহিত বিষবাত (Carbon di-oxide)

দ্ব্যম্লাঙ্গার বাষ্প পরিত্যাগ করে ;—বৃক্ষগণ জীবদিগের পরিত্যক্ত বিষবায়ু তাহাদিগের অমৃতরূপে দ্ব্যম্লাঙ্গার হইতে অঙ্গার-গ্রহণে স্বদেহের পোষণ ও অবশিষ্ট বাষ্প যাহা ত্যাগ করে, তাহা আমাদিগের অমৃতবাষ্প। বৃক্ষদিগের সহিত জীবদিগের এই বিনিময়-বিধি মঙ্গলময় হওয়ায়, নিষ্পাদপ দেশে স্বাস্থ্যকাম লোকের বাস করা সঙ্গত নহে ; বৃক্ষান্বিত স্থানেই স্বাস্থ্য-লিপ্সু লোকের বাস করা সঙ্গত। ৭

তাই লতা বৃক্ষ গুল্মগণ আপনাদিগের সুখের জন্য, মানব-শ্বাসের পরিত্যক্ত বিষবায়ু অমৃতবৎ গ্রহণ করে,—যতক্ষণ সৌরালোক থাকে, ততক্ষণ জীবগণের পরিত্যক্ত বিষভক্ষণ করিয়া, অমৃতোদ্গীরণ করিতে থাকে ; কিন্তু রাত্রিকালে, অতিরিক্ত বিষবায়ু (যাহা দিনমানে গ্রহণ করিয়াছিল) ত্যাগ করে। এতজ্জন্য, রাত্রিকালে, বৃক্ষসমীপে শয়ন নিষিদ্ধ। ৮

তৃণাকীর্ণ অথবা ফলপুষ্পযুক্ত বৃক্ষদ্বারা শোভিত স্বেচ্ছায় বিচরণশীল গবাদি প্রাণিগণের বিদ্যমানতায় সজ্জিত ক্ষেত্রমধ্যে শুভ্র নিকেতন মানবগণের শুভকর—মনের শান্তিবিধানে সমর্থ বলিয়া, পুণ্যপ্রদ। ৯

পূর্ব্বদিকের গৃহগুলি বেশ মুক্তকক্ষ করিয়া রাখিবে, অগ্নিকোণে পাকশালা নির্মাণ করিবে, দক্ষিণ দিকে মনোহর মণ্ডপগৃহ, নৈঋর্তকোণে সমিধাদির সঞ্চয়-গৃহ, পশ্চিমে জলাগার, বায়ুকোণে গোশালা, উত্তরে রত্নকোষ ও ঈশান কোণে পুষ্পমণ্ডপ রচনা করিবে। ইহাই গৃহ-নির্ম্মাণের বিধি। ১০।১১

আমাদিগের দেশে একটী প্রাচীন প্রবচন আছে—

"পূর্ব্বে হাঁস,
পশ্চিমে বাঁশ,
দক্ষিণ ছেড়ে,
উত্তর বেড়ে—ঘর করিতে হয়।

পরের শ্লোক কয়েকটীতে তাহার ভাব বিশদভাবে পরিস্ফুট! গৃহের পূর্ব্বদিকে হংসকারণ্ডব-মুখরিত স্বচ্ছসলিলান্বিত দর্পণ-সদৃশ বাতকম্পিত সরোবর প্রতিষ্ঠা করিবে;—দিবসে, সেই সরোবরস্থিত পদ্ম সূর্যকিরণে যেমন হাস্য করিবে, রাত্রিকালে তেমনই চন্দ্রের জ্যোৎস্নায়, কুমুদ হাস্য করিবে; অপিচ তাহার বাতাকৃষ্ট বারিকণা লোকের মনে স্নেহশান্তি-বিধানে সমর্থ। ১২

গৃহের দক্ষিণ দিকে মনোহর হরিত-বর্ণ শষ্পবীথি-প্রকীর্ণ মুক্তক্ষেত্র থাকা আবশ্যক। তাহাতে ধেনু বৎস চরিয়া যেন তাহার শোভাবর্দ্ধন করে। তাহার মধ্যে মধ্যে ফুল্লপুষ্পশোভিত বৃক্ষ পবনচালিত হইয়া সৌরভ বিতরণ করিতে পারে, তাহাতে যেন সেই প্রশান্ত ক্ষেত্র আমোদমত্ত বলিয়া মনে হয়। অপিচ তাহা সৌরকরোজ্জ্বল নয়নমোহন স্নেহসিক্ত কমনীয় ও হর্ষসম্পন্ন বলিয়া উপলব্ধ হয়। ১৩

গৃহের পশ্চিমে দ্রুমরাজীসমেত মনোহর কমনীয় বায়ু-পরিচালন-প্রহৃষ্ট উপবনের রচনা সঙ্গত;—জগৎসবিতা সূর্য্য যখন পশ্চিম দিকে উপনীত হইয়া, রক্তাক্ষে প্রখরকরে জগদ্দগ্ধ করিতে চাহেন, তখন সেই বৃক্ষসমূহ অবিরলপত্রে তাহার রোধ করিতে সমর্থ হয়। ১৪

গৃহের উত্তর দিকে পূতিকুণ্ড (আস্তাকুড়) করা কর্ত্তব্য। আর গৃহের উত্তর দিকে যে বাতায়ন থাকিবে, তাহা মুক্ত রাখিবে না। তবে সময়ে বায়ুর অব্যাহত গতির জন্য বাতায়ন রক্ষা করিলেও, তাহা আবশ্যক মত এরূপ রুদ্ধ রাখা উচিত, লোক যেন নির্ম্মল মুক্তবাত গৃহে বাস করিয়া সুখানুভব করিতে পারে। ১৫

সুধীগণ গৃহের উত্তরে উডুম্বর বৃক্ষ, ঈশানকোণে শাল্মলি, পূর্বে অশ্বত্থ, দক্ষিণে প্লক্ষ, পশ্চিমে ন্যগ্রোধ গাছের প্রতিষ্ঠা করিবে। ১৬

গৃহের ঈশান কোণে শেফালিকা ও নারিকেল বৃক্ষ রোপণ করিবে,—ইহাতে গৃহীর সুখশান্তি হইবে। পূর্বদিকে আম্র, কণ্টকী, বিল্ব, মাতুলুঙ্গ

(নেবু) বৃক্ষ রক্ষণীয়। অপিচ পদ্মপ্রফুল্ল স্বচ্ছতোয়া পুষ্করিণীর রক্ষা করা সঙ্গত। অগ্নিকোণে ফণী ও চম্পক বৃক্ষ, দক্ষিণে উত্তমপুষ্প-শোভিত গুল্মসমূহ, পুন্নাগ বকুল শমী গুবাক জম্বুবৃক্ষ, নৈর্ঋতকোণে বদর ও তিলক বৃক্ষ থাকা শুভকর ও সঙ্গত। গৃহের পশ্চিমে হরীতকী গুবাক বংশ বট অশ্বত্থ প্রভৃতি অবিরলপত্র বৃক্ষসমূহের ও বায়ুকোণে কেতকী পুষ্পবৃক্ষের ও উত্তরে প্লক্ষের ও যজ্ঞডুম্বর বৃক্ষের প্রতিষ্ঠা প্রয়োজনীয়। ১৭—১৯

যখন দেশে বায়ু ও অনলের বিকার হয়, ঋতুর সহিত প্রকৃতির ও দিক্‌সমূহের বিকার হয়, তখন দেশ কাল বায়ু জল এই সকল প্রকৃতির বিকার-ধর্মে বিকৃতি প্রাপ্ত হইয়া থাকে। ২০

রবি চন্দ্র মঙ্গল বুধ বৃহস্পতি শুক্র শনি—এই সপ্ত গ্রহ, তারকা, নক্ষত্রগণ ও আন্তরীক্ষ্য দেবগণ—ইহারাও যখন প্রকৃতির বিকৃতি লাভ করেন, তখন মানবগণের সুখ-সাস্থ্য-হানি হয়। ২১

ভূমির বিকার হইতে জল বায়ুর বিকার হয়; আর ভূমি রসাত্মিকা বলিয়া, রসের বিকারে ভূমিরও বিকার ঘটায়, পরে পারস্পরিকী হানি ঘটে। এই প্রকৃতির বিকার হইতে জনগণের ধ্বংস হয়,—আর তাহার ফলে ব্যাধির প্রসার ও শুভ-ধ্বংস ও সাস্থ্যহানি হয়। ২২

যখন ভৌম বিকার ও আন্তরীক্ষ্য বিকার হইতে জনগণের সাস্থ্যহানি হয়, বৈদ্যগণের উচিত, সেই ভৌম ও আন্তরীক্ষ্য বিকার ঘটিবার পূর্বে—তৎপূর্বরূপ বুঝিয়া, অভিপ্রেত ওষধ্যাদির সংগ্রহের চেষ্টা করা। ২৩

দেশের উদ্ধ্বংসনের সম্ভাবনা আসিলে, সকল লোকেরই উচিত ক্রিয়াদি-দ্বারা আত্মশোধন, ঔষধাদি দ্বারা দেহশোধন, ধূপাদি দ্বারা গৃহশোধন, আবর্জনা-বর্জনাদি দ্বারা গ্রাম নগর দেশের শোধন করা। ইহাতে জনপদোদ্ধ্বংসের প্রতিকার হয়।

ইতি জনপদোদ্ধরণীয় নাম চতুর্থ অধ্যায়।

পরিশিষ্ট।

দিন ৫।৪৯—৫১

দূষ্য ৮ রস, রক্ত, মাংস, মেদঃ, অস্থি, মজ্জা, শুক্র,

দেশ ৩ আনূপ, জাঙ্গল, পার্বত্য,

দোষ ৩ বাত ১০।১১।১২ প্রাণ, উদান, সমান, ব্যান, অপান, ১০
পিত্ত ১০।১১।১৩ পাচক, রঞ্জক, সাধক, আলোচক, ভ্রাজক, ১০
কফ ১০।১১।১৩ আলোচক, ক্লেদক, শ্লেষক, বোধক, তর্পক, ১০।১১

ধমনী ২৭ নাসিকা ৩৪

নাড়ী ৩৮ পরিপাকক্রিয়া ৩৯

পাচকরস ৪১ মুখলালা, আমশয়িকরস, যকৃৎস্রুত পিত্তরস, অন্ত্ররস, প্লীহরস, ক্লোমরস,

প্লীহা ৩৯ ফুপ্‌ফুস্‌ ৩৭

মাংসপেশী ২৪ মূত্রনালী ৪২

মূত্রবাহিনী ৪২ যকৃৎ ৩৯

রক্ত-পরিক্রমণ ৩৬ রজ্জু ২৪

রন্ধ্র ৩৫ পুরুষে—নেত্রগত, কর্ণগত, নাসাগত, মুখগত, শিশ্নগত, পায়ুগত ; নারীতে—(অতিরিক্ত) স্তনগত, গর্ভপথগত।

লসীকা ৩০ বস্তি ৪২

বাগ্‌যন্ত্র ৩৮ বৃক্ক ৪২

শক্তি ১৫।১৬

শিরা ২৯ ঊর্ধ্বগা মহাশিরা, ৩০ অধোগা মহাশিরা, ৩০ সূক্ষ্মশিরা,

শ্বাসক্রিয়া ৩৮

সন্ধি ২১।২৩ সম্যক্‌চেষ্ট, অল্পচেষ্ট, স্থির। ২৪

সাত্ম্য ১৫ স্নায়ু ৩১

হান ১৫ হানোপায় ১৫

হৃদয় ৩৬ হেতু ১৫

হেয় ১৫

১৩৫১